পরিবেশ অধিদপ্তরের প্রধান কার্যালয়ের পরিবেশগত ছাড়পত্র কমিটির ৫২৫ তম সভার কার্যবিবরণী

গত ১১-১৩ মার্চ ২০২৫ তারিখে অধিদপ্তরের প্রধান কার্যালয়ের পরিবেশগত ছাড়পত্র কমিটির আহবায়ক ও পরিবেশ অধিদপ্তরের পরিচালক (পরিবেশগত ছাড়পত্র) জনাব মাসুদ ইকবাল মোঃ শামীম এর সভাপতিত্বে অধিদপ্তরের সভাকক্ষে পরিবেশগত ছাড়পত্র কমিটির ৫২৫ তম সভা অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত সদস্যবৃন্দের স্বাক্ষর শেষ পৃষ্ঠায় দ্রষ্টব্য।

সভার আলোচ্যসূচি অনুযায়ী কমিটির সদস্যসচিব পরিবেশ অধিদপ্তরের সদর দপ্তর, বিভিন্ন বিভাগীয়/অঞ্চল, মহানগর ও জেলা কার্যালয় হতে প্রাপ্ত লাল ও প্রযোজ্য কমলা শ্রেণির শিল্প প্রতিষ্ঠান/ প্রকল্পসমূহের ছাড়পত্র বিষয়ক প্রস্তাবনা/ নথিসমূহ পর্যায়ক্রমে সভায় উপস্থাপন করেন। প্রত্যেকটি বিষয়ে কমিটির উপস্থিত সদস্যবৃন্দ বিস্তারিত আলোচনায় অংশগ্রহণ করেন। সভায় উপস্থাপিত বিভিন্ন বিষয়ের ওপর আলোচনা ও পর্যালোচনার পর সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সুপারিশ গৃহীত হয়:

(ক) পরিবেশগত ছাড়পত্র: সুপারিশকৃত শিল্প ও প্রকল্পসমূহ (লাল শ্রেণি)

১. **ডেল্টা এগ্রো ফুড ইন্ডাস্ট্রিজ লিমিটেড; সৈয়দপুর, নারায়ণগঞ্জ** (শিল্প/প্রকল্প কার্যক্রম: সয়াবিন তেল, সয়ামিল প্রস্তুত ও পাম ওয়েল প্রস্তুত): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র, ইএমপি প্রতিবেদন, পরিদর্শন প্রতিবেদন সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে আলোচ্য প্রকল্পের অনুকূলে নারায়ণগঞ্জ জেলা কার্যালয় কর্তৃক নিম্নবর্ণিত বিশেষ শর্তে পরিবেশগত ছাড়পত্র জারীর সুপারিশ গৃহীত হয়:

ক) এ ছাড়পত্র মাসিক সর্বোচ্চ ৫০০০০ মেট্রিক টন সয়ামিল, ১২০০০ মেট্রিক টন সয়াবিন তেল ও ১২০০০ মেট্রিক টন পাম ওয়েল উৎপাদন কার্যক্রম পরিচালনার জন্য প্রযোজ্য। প্রকল্পের উৎপাদন বৃদ্ধি, জায়গা সম্প্রসারণ, উৎপাদন প্রক্রিয়া বা তৎসংশ্লিষ্ট কোনো প্রকার পরিবর্তনের জন্য পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্র গ্রহণ করতে হবে।

খ) ইএমপি প্রতিবেদনে উল্লিখিত সকল Mitigation Measures সার্বক্ষণিক কার্যকারিভাবে চালু রাখতে হবে।

গ) কারখানার উৎপাদন প্রক্রিয়ায় বিভিন্ন ইউনিট হতে সৃষ্ট তরল বর্জ্য দৈনিক ১০ ঘনমিটার/ঘন্টা ক্ষমতাসম্পন্ন তরল বর্জ্য পরিশোধনাগার (ইটিপি)-এর মাধ্যমে পরিশোধন করতে হবে। পরিশোধিত তরল বর্জ্য নির্গমনের জন্য নির্ধারিত ড্রেনেজ লাইন ব্যতীত অন্য কোনো বাইপাস লাইনের মাধ্যমে নির্গমন করা যাবে না। ইটিপি হতে নির্গত তরল বর্জ্যের তাৎক্ষণিক সংগৃহীত নমুনার মানমাত্রা পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ২০২৩-এ উল্লিখিত মানমাত্রার মধ্যে থাকতে হবে। কোনো সময় ইটিপি বা এর কোনো ইউনিট অকার্যকর হলে সাথে সাথে সংশ্লিষ্ট উৎপাদন ইউনিট বন্ধ করতে হবে। ইটিপি সংস্কার করে এর কার্যক্ষমতা সম্পর্কে নিশ্চিত হওয়া সাপেক্ষে বন্ধ ইউনিট পুনরায় চালু করা যাবে।

ঘ) কারখানাটি চালু অবস্থায় প্রতি ছয় মাস অন্তর অর্থাৎ বছরে ২ বার ইটিপির তরল বর্জ্যের (পরিশোধনপূর্ব ও পরিশোধনোত্তর) গুণগতমান (Oil & Grease, pH, BOD_5, COD ও SS) পরীক্ষার ফলাফল পরিবেশ অধিদপ্তরে দাখিল করতে হবে।

ঙ) কারখানার তরল বর্জ্য নির্গমণের ইনলেট ও আউটলেট পয়েন্টে ফ্লো মেজারিং ডিভাইস স্থাপন করতে হবে এবং ফ্লো-ড্যাটা রেকর্ড সংরক্ষণ করতে হবে।

চ) কারখানার ETP হতে সৃষ্ট স্লাজ Dewatering এর জন্য স্থাপিত স্ক্রু প্রেস যথাযথভাবে কার্যকর রাখতে হবে।

ছ) ETP'র স্ল্যাজ ব্যবস্থাপনার লক্ষ্যে Bangladesh Standard and Guidelines for Sludge Management অনুসারে Sludge Management Plan প্রণয়ন করে আগামী ৩(তিন) মাসের মধ্যে অনুমোদনের জন্য পরিবেশ অধিদপ্তরে দাখিল করতে হবে।

জ) বায়বীয় বর্জ্য নির্গমণের জন্য স্থাপিত চিমনি সার্বক্ষণিক কার্যক্ষম রাখতে হবে।

ঝ) জেনারেটরের Spent lubricating oil এবং Oil Filter পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্র গ্রহণকারী প্রতিষ্ঠান ব্যতিরেকে অন্য কোনো Vendor এর কাছে বিক্রয় করা যাবে না।

ঞ) কারখানা চত্বরে উপযুক্ত প্রজাতির ফলদ ও বনজ গাছ লাগিয়ে সবুজায়ন করতে হবে।

ট) কারখানার পরিবেশগত ব্যবস্থাপনার জন্য যথাযথ ডিগ্রিধারী প্রশিক্ষিত জনবল রাখতে হবে। কারখানার ইটিপি পরিচালনার লক্ষ্যে প্রতিটি শিফটের জন্য অপারেটর এবং ETP Performance মনিটরিং-এর জন্য প্রয়োজনীয় যন্ত্রপাতিসহ কারখানায় নিজস্ব গবেষণাগার স্থাপনপূর্বক দক্ষ জনবল নিয়োগ করতে হবে।

ঠ) কারখানায় কর্মরত শ্রমিকদেরকে কারখানার অভ্যন্তরে সার্বক্ষণিক উপযুক্ত মাস্ক, হ্যান্ডগ্লাভস, সেফটিগ্লাভস, বুট, হেলমেট ব্যবহার করতে হবে। এ ছাড়া পেশাগত স্বাস্থ্য রক্ষার্থে সকলব্যবস্থা সার্বক্ষণিক চালু রাখতে হবে।

ড) অগ্নি নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিত করার লক্ষ্যে বাংলাদেশ ন্যাশনাল বিল্ডিং কোড এবং ফায়ার লাইসেন্সের শর্তানুসারে উপযুক্ত ব্যবস্থাদি সার্বক্ষণিক কার্যকরী রাখতে হবে।

ঢ) কারখানার শব্দের মাত্রা শব্দদূষণ (নিয়ন্ত্রণ) বিধিমালা, ২০০৬-এ বর্ণিত মানমাত্রার মধ্যে রাখতে হবে।

ণ) কারখানার বর্জ্য ব্যবস্থাপনার জন্য 3R (Reduce, Reuse and Recycle) Policy অবলম্বন করতে হবে।

ত) এই ছাড়পত্র ভূমির মালিকানা স্বত্ব নির্ধারণ করে না।

থ) বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ এবং তদধীন প্রণীত বিধিমালা এ প্রদত্ত ক্ষমতাবলে উপরিল্লিখিত শর্তসমূহ Enforce করা হবে।

২. **সাউথ ইস্ট টেক্সটাইল (প্রা:) লিমিটেড; গোড়াই, মির্জাপুর, টাঙ্গাইল** (শিল্প/প্রকল্প কার্যক্রম: বস্ত্র ডাইং, প্রিন্টিং ও ফিনিশিং): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র, ইএমপি প্রতিবেদন ও অন্যান্য কাগজপত্র, পরিদর্শন প্রতিবেদন এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে আলোচ্য কারখানার অনুকূলে টাঙ্গাইল জেলা কার্যালয় কর্তৃক গত ১০/১১/২০১২ তারিখে ২২.০২.৯৩৫৬.১৪৩.৭২.১৩৫৭৫.০৭/ছাড়-০৬ সংখ্যক স্মারকমূলে জারীকৃত পরিবেশগত ছাড়পত্র বাতিলপূর্বক নিম্নবর্ণিত শর্তে পরিবেশগত ছাড়পত্র জারীর সুপারিশ গৃহীত হয়:

ক) এ ছাড়পত্র দৈনিক সর্বোচ্চ ৩২ মেট্রিক টন বস্ত্র ডাইং, প্রিন্টিং ও ফিনিশিং কার্যক্রম পরিচালনার জন্য প্রযোজ্য। প্রকল্পের উৎপাদন বৃদ্ধি, জায়গা সম্প্রসারণ, উৎপাদন প্রক্রিয়া বা তৎসংশ্লিষ্ট কোনো প্রকার পরিবর্তনের জন্য পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্র গ্রহণ করতে হবে।

খ) কারখানার উৎপাদন প্রক্রিয়ায় বিভিন্ন ইউনিট হতে সৃষ্ট তরল বর্জ্য ১৮০ ঘনমিটার/ঘন্টা ক্ষমতাসম্পন্ন তরল বর্জ্য পরিশোধনাগার (ইটিপি)-এর মাধ্যমে পরিশোধন করতে হবে। পরিশোধিত তরল বর্জ্য নির্গমনের জন্য নির্ধারিত ড্রেনেজ লাইন ব্যতীত অন্য কোনো বাইপাস লাইনের মাধ্যমে নির্গমন করা যাবে না। ইটিপি হতে নির্গত তরল বর্জ্যের তাৎক্ষণিক সংগৃহীত নমুনার মানমাত্রা পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ২০২৩-এ উল্লিখিত মানমাত্রার মধ্যে থাকতে হবে। কোনো সময় ইটিপি বা এর কোনো ইউনিট অকার্যকর হলে সাথে সাথে সংশ্লিষ্ট উৎপাদন ইউনিট বন্ধ করতে হবে। ইটিপি সংস্কার করে এর কার্যক্ষমতা সম্পর্কে নিশ্চিত হওয়া সাপেক্ষে বন্ধ ইউনিট পুনরায় চালু করা যাবে।

গ) ইএমপি প্রতিবেদন উল্লিখিত সকল Mitigation Measures সার্বক্ষণিক কার্যকারিভাবে চালু রাখতে হবে।

ঘ) কারখানাটি চালু অবস্থায় প্রতি ছয় মাস অন্তর অর্থাৎ বছরে ২ (দুই) বার ইটিপির তরল বর্জ্যের (পরিশোধনপূর্ব ও পরিশোধনোত্তর) গুণগতমান (pH, Color, BOD_5, COD ও SS) পরীক্ষার ফলাফল পরিবেশ অধিদপ্তরে দাখিল করতে হবে।

ঙ) কারখানার তরল বর্জ্য নির্গমনের ইনলেট ও আউটলেট পয়েন্টে স্থাপিত ফ্লো মেজারিং ডিভাইস সর্বদা কার্যকর রাখতে হবে এবং ফ্লো-ড্যাটা রেকর্ড সংরক্ষণ করতে হবে।

চ) কারখানার ETP হতে সৃষ্ট স্লাজ Dewatering এর জন্য স্থাপিত স্লাজ ফিল্টার প্রেস যথাযথভাবে কার্যকর রাখতে হবে।

ছ) ETP'র স্ল্যাজ ব্যবস্থাপনার লক্ষ্যে Bangladesh Standard and Guidelines for Sludge Management অনুসারে Sludge Management Plan প্রণয়ন করে আগামী ৩(তিন) মাসের মধ্যে অনুমোদনের জন্য পরিবেশ অধিদপ্তরে দাখিল করতে হবে।

জ) বায়বীয় বর্জ্য নির্গমনের জন্য স্থাপিত চিমনি সার্বক্ষণিক কার্যক্ষম রাখতে হবে।

ঝ) জেনারেটরের Spent lubricating oil এবং Oil Filter পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্র গ্রহণকারী প্রতিষ্ঠান ব্যতিরেকে অন্য কোনো Vendor এর কাছে বিক্রয় করা যাবে না।

ঞ) কারখানা চত্বরে উপযুক্ত প্রজাতির ফলদ ও বনজ গাছ লাগিয়ে সবুজায়ন করতে হবে।

ট) কারখানার পরিবেশগত ব্যবস্থাপনার জন্য যথাযথ ডিগ্রিধারী প্রশিক্ষিত জনবল রাখতে হবে। কারখানার ইটিপি পরিচালনার লক্ষ্যে প্রতিটি শিফটের জন্য অপারেটর এবং ETP Performance মনিটরিং-এর জন্য প্রয়োজনীয় যন্ত্রপাতিসহ কারখানায় নিজস্ব গবেষণাগার স্থাপনপূর্বক দক্ষ জনবল নিয়োগ করতে হবে।

ঠ) কারখানায় কর্মরত শ্রমিকদেরকে কারখানার অভ্যন্তরে সার্বক্ষণিক উপযুক্ত মাস্ক, হ্যান্ডগ্লাভস, সেফটিগ্লাভস, বুট, হেলমেট ব্যবহার করতে হবে। এ ছাড়া পেশাগত স্বাস্থ্য রক্ষার্থে সকলব্যবস্থা সার্বক্ষণিক চালু রাখতে হবে।

ড) অগ্নি নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিত করার লক্ষ্যে বাংলাদেশ ন্যাশনাল বিল্ডিং কোড এবং ফায়ার লাইসেন্সের শর্তানুসারে উপযুক্ত ব্যবস্থাদি সার্বক্ষণিক কার্যকরী রাখতে হবে।

ঢ) কারখানার শব্দের মাত্রা শব্দদূষণ (নিয়ন্ত্রণ) বিধিমালা, ২০০৬-এ বর্ণিত মানমাত্রার মধ্যে রাখতে হবে।

ণ) কারখানার বর্জ্য ব্যবস্থাপনার জন্য 3R (Reduce, Reuse and Recycle) Policy অবলম্বন করতে হবে।

থ) এই ছাড়পত্র ভূমির মালিকানা স্বত্ব নির্ধারণ করে না।

৩. **আম্বার ক্রাফট পেপার লিমিটেড; হাটাবো, মাসুমাবাদ, রুপগঞ্জ, নারায়ণগঞ্জ** (শিল্প/প্রকল্প কার্যক্রম: ক্রাফট পেপার ও ক্রাফট লাইনার পেপার প্রস্তুত): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র, অন্যান্য কাগজপত্র, পরিদর্শন প্রতিবেদন এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে আলোচ্য প্রকল্পের অনুকূলে নারায়ণগঞ্জ জেলা কার্যালয় থেকে নিম্নবর্নিত বিশেষ শর্তে পরিবেশগত ছাড়পত্র জারীর সুপারিশ গৃহীত হয়:

ক) এ ছাড়পত্র শুধু দৈনিক সর্বোচ্চ ৩৫০ টন ক্রাফট পেপার ও ক্রাফট লাইনার পেপার উৎপাদনের জন্য প্রযোজ্য। কারখানার উৎপাদন বৃদ্ধি, জায়গা সম্প্রসারণ, উৎপাদন প্রক্রিয়া বা তৎসংশ্লিষ্ট কোনোপ্রকার পরিবর্তনের জন্য পরিবেশ অধিদপ্তরের পূর্বানুমতি/ছাড়পত্রের প্রয়োজন হবে।

খ) কারখানার উৎপাদন প্রক্রিয়ায় বিভিন্ন ইউনিট হতে সৃষ্ট তরল বর্জ্য ১২৫ ঘনমিটার/ঘন্টা ক্ষমতাসম্পন্ন তরল বর্জ্য পরিশোধনাগার (ইটিপি)-এর মাধ্যমে পরিশোধন করতে হবে। পরিশোধিত তরল বর্জ্য নির্গমনের জন্য নির্ধারিত ড্রেনেজ লাইন ব্যতীত অন্য কোনো বাইপাস লাইনের মাধ্যমে নির্গমন করা যাবে না। ইটিপি হতে নির্গত তরল বর্জ্যের তাৎক্ষণিক সংগৃহীত নমুনার মানমাত্রা পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ২০২৩-এ উল্লিখিত মানমাত্রার মধ্যে থাকতে হবে। কোনো সময় ইটিপি বা এর কোনো ইউনিট

অকার্যকর হলে সাথে সাথে সংশ্লিষ্ট উৎপাদন ইউনিট বন্ধ করতে হবে। ইটিপি সংস্কার করে এর কার্যক্ষমতা সম্পর্কে নিশ্চিত হওয়া সাপেক্ষে বন্ধ ইউনিট পুনরায় চালু করা যাবে।

গ) কারখানাটি চালু অবস্থায় প্রতি ছয় মাস অন্তর অর্থাৎ বছরে ২ (দুই) বার ইটিপির তরল বর্জ্যের (পরিশোধনপূর্ব ও পরিশোধনোত্তর) গুণগতমান (pH, BOD_5, COD ও SS) পরীক্ষার ফলাফল পরিবেশ অধিদপ্তরে দাখিল করতে হবে।

ঘ) ইএমপি প্রতিবেদনে সুপারিশকৃত সকল মিটিগেশন মেজার্স সার্বক্ষণিক কার্যকরীভাবে চালু রাখতে হবে।

ঙ) ফ্লোর ওয়াশিং ও ডমেস্টিক তরল বর্জ্য পরিশোধন ও অপসারণের ক্ষেত্রে সেপটিক ট্যাংক ও সোকপিট ব্যবহার করতে হবে।

চ) তরল বর্জ্য পরিশোধন প্রক্রিয়ার বিভিন্ন ধাপে সৃষ্ট স্লাজ পুন:ব্যবহার করতে হবে।

ছ) কারখানা সৃষ্ট কঠিন বর্জ্যের জন্য Environmentally Sound Disposal এর ব্যবস্থা করতে হবে। কঠিন বর্জ্য Open burning করা যাবেনা। কঠিন বর্জ্য ব্যবস্থাপনা বিধিমালা, ২০২১ অনুসারে কারখানা পরিচালনা করতে হবে।

জ) সরকার অনুমোদিত 3R (Reduce, Reuse & Recycle) নীতি ও সকল প্রকার Resource Conservation Plan বাস্তবায়ন করতে হবে। এছাড়া, জিরো ডিসচার্জ প্ল্যান যথাযথভাবে বাস্তবায়নের করতে হবে।

ঝ) অগ্নি নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিত করার লক্ষ্যে বাংলাদেশ ন্যাশনাল বিল্ডিং কোড এবং ফায়ার লাইসেন্সের শর্তানুসারে উপযুক্ত ব্যবস্থাদি সার্বক্ষণিক কার্যকরী রাখতে হবে।

ঞ) পেশাগত স্বাস্থ্য রক্ষার্থে সকল ব্যবস্থা সার্বক্ষণিক চালু রাখতে হবে।

ট) কারখানা চত্তরের ন্যূনতম ৩৩% জায়গা উপযুক্ত প্রজাতির ফলজ ও বনজ গাছ লাগিয়ে সবুজায়ন করতে হবে।

ঠ) কারখানার শব্দ এবং তরল/বায়বীয় বর্জ্যের নিঃসরণ/নির্গমন মাত্রা যথাক্রমে শব্দ দূষণ (নিয়ন্ত্রণ) বিধিমালা-২০০৬ এবং পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ২০২৩-এ বর্ণিতমাত্রার মধ্যে হতে হবে।

ড) এই ছাড়পত্র ভূমির মালিকানা স্বত্ব নির্ধারণ করে না।

ঢ) বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ এবং তদধীন প্রণীত বিধিমালা-এ প্রদত্ত ক্ষমতাবলে উপরিল্লিখিত শর্তসমূহ Enforce করা হবে।

৪. **MV. RONG YUAN (IMO NO.9157507), মেসার্স কিং স্টিলস, উত্তর সলিমপুর, জাফরাবাদ, সীতাকুন্ড, চট্টগ্রাম** (শিল্প/প্রকল্প কার্যক্রম: স্ক্র্যাপ জাহাজ ভাঙা): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদন ও অন্যান্য কাগজপত্র, ইএমপি প্রতিবেদন এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে আলোচ্য প্রকল্পের অনুকূলে চট্টগ্রাম জেলা কার্যালয় কর্তৃক নিম্নবর্ণিত বিশেষ শর্তে পরিবেশগত ছাড়পত্র জারীর সুপারিশ গৃহীত হয়:

ক) এ ছাড়পত্র ৯,১৬৫ মেট্রিক টন ওজনবিশিষ্ট MV. RONG YUAN (IMO NO.9157507) স্ক্র্যাপ জাহাজ মেসার্স কিং স্টিলস নামক শিপ ব্রেকিং ইয়ার্ডে ভাঙ্গার জন্য প্রযোজ্য হবে।

খ) Environmental Survey Form এ উল্লিখিত বিপদজ্জনক বর্জ্যের জন্য Chemical Safety Data Sheet সরবরাহ করতে হবে।

গ) জাহাজ ভাঙ্গার কার্যক্রম শুরুর পূর্বে সকল প্রকার তরল পদার্থ অপসারণপূর্বক জাহাজটি পরিষ্কার করতে হবে। এ প্রক্রিয়া পুরো জাহাজ ভাঙ্গা কার্যক্রম প্রক্রিয়ায় অব্যহত থাকবে।

ঘ) আলোচ্য জাহাজের জন্য বিপজ্জনক পদার্থের প্রণীত তালিকা (IHM) জাহাজের ভিতরে বিপজ্জনক পদার্থ নিরূপণে সক্ষম বিশেষজ্ঞের মাধ্যমে বা সেফটি এজেন্সি কর্তৃক Visual Sampling Check Plan (VSCP) এর মাধ্যমে IHM এর সঠিকতা নিশ্চিত করতে হবে।

ঙ) জাহাজের বিলজ ওয়াটার Oil-Water Separator এর মাধ্যমে তেল পৃথক করতে হবে এবং সেপারেটর হতে নির্গত তরল বর্জ্য ইটিপিতে পরিশোধনর্পূবক পরিবেশ সংরক্ষণ বিধিমালা ২০২৩ এর তফসিল-৪ এ উল্লিখিত মানমাত্রার নিশ্চিত হওয়া সাপেক্ষে সমুদ্রে নির্গমন করা যাবে।

চ) জাহাজের পয়োবর্জ্য STP এর মাধ্যমে পরিশোধন করতে হবে।

ছ) জাহাজ কাটার পূর্বে জাহাজের রং অপসারণ করতে হবে। সমুদ্রের পানিতে কিংবা সৈকতে পেইন্ট চিপস অপসারণ করা যাবে না।

জ) জাহাজের বিপজ্জনক বা সাধারণ বর্জ্য দিয়ে সামুদ্রিক বা সমুদ্র সৈকতের পরিবেশ দূষণ করা যাবে না।

ঝ) জাহাজ ভাঙ্গা প্রক্রিয়ায় সৃষ্ট বর্জ্য হ্যান্ডলিং, স্টোরেজ ও পরিত্যাজনের ক্ষেত্রে Best Management Practice অনুসরণ করতে হবে। সকল বিপজ্জনক বর্জ্য সংরক্ষণাগারের দরজায় উক্ত পদার্থের MSDS লাগিয়ে রাখতে হবে।

ঞ) সকল প্লাস্টিক বর্জ্য পরিবেশ অধিদপ্তর হতে ছাড়পত্র গ্রহণকারী পুনচক্রায়নকারী প্রতিষ্ঠানের নিকট বিক্রয় করতে হবে।

ট) ভারী ধাতুযুক্ত জিনিসপত্র, চিকিৎসা বর্জ্য পরিবেশ অধিদপ্তর হতে ছাড়পত্র গ্রহণকারী প্রতিষ্ঠানের নিকট পরিত্যাজনের জন্য হস্তান্তর করতে হবে।

ঠ) Intertidal Zone-এ শুধু প্রাইমারি কাটিং সম্পন্ন করা যাবে। এ সময় তেলযুক্ত বা অন্য কোনো বিপজ্জনক পদার্থযুক্ত জাহাজের টুকরা সমুদ্র সৈকতে ফেলা যাবে না। এগুলো জাহাজের অভ্যন্তরে বা কোনো বার্জে ফেলতে হবে। পরবর্তীতে ক্রেনের সাহায্যে এগুলোকে অনশোরের তৈল অভেদ্য কংক্রিটের ফ্লোরে পরিবহন করে আনতে হবে। প্রাইমারি কাটিং-এর সময় জাহাজে যাতে সমুদ্রের পানি প্রবেশ না করতে পারে সে লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

ড) সেকেন্ডারি এবং টারশিয়ারি কাটিং কার্যক্রম অনশোরের তৈল অভেদ্য কংক্রিটের ফ্লোরে সম্পন্ন করতে হবে। কাটিং ফ্লোরের চারিপাশে বাঁধ দিতে হবে। উক্ত ফ্লোরে সৃষ্ট তরল বর্জ্য এবং runoff water ড্রেনের মাধ্যমে তরল বর্জ্য পরিশোধনাগারে (ইটিপি) প্রেরণ করে পরিশোধন করে পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ২০২৩ এর তফসিল-৪ এ উল্লিখিত নির্ধারিত মানমাত্রা নিশ্চিত হওয়া সাপেক্ষে পরিবেশে নির্গমণ করা যাবে।

ঢ) শিল্প মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত শিপ রিসাইক্লিং প্ল্যান প্রতিপালন করতে হবে।

ণ) শিল্প মন্ত্রণালয় কর্তৃক শিপ কাটিংএর অনুমতি ব্যতীত জাহাজ কাটার কার্যক্রম শুরু করা যাবে না।

ত) তৈলযুক্ত বর্জ্য সংগ্রহপূর্বক নির্ধারিত সংরক্ষণাগারে সংরক্ষণ করতে হবে এবং ইনসিনারেটরে পুড়িয়ে পরিত্যাজন করতে হবে।

থ) বিপজ্জনক বর্জ্য ও জাহাজ ভাঙ্গার বর্জ্য ব্যবস্থাপনা বিধিমালা, ২০১১ এর ৫ নং বিধি অনুসারে বিপজ্জনক বর্জ্যের তথ্য সংরক্ষণ ও যথাযথ সতর্কতার সাথে বিপজ্জনক বর্জ্য বা পদার্থ সংরক্ষণ করতে হবে যাতে কোনো দুর্ঘটনা না ঘটে এবং উক্ত বিধির তফসিল-৯ অনুযায়ী জাহাজের বিপজ্জনক পদার্থের রেকর্ড সংরক্ষণ করতে হবে।

দ) জাহাজের সামগ্রীক কার্যক্রম এবং বিশেষভাবে safe-for-entry এবং safe-for-hot work এর জন্য একটি কার্যকর নিরাপত্তা ব্যবস্থাপনা কাঠামো, industrial safety response এবং জরুরি অবস্থা মোকাবেলা করার প্রস্তুতি ও পরিকল্পনা প্রণয়নপূর্বক তা বাস্তবায়ন করতে হবে।

ধ) এসআরপি'র ভিত্তিতে বিপজ্জনক জোন বিশেষত বিপজ্জনক পদার্থ যেমন ফুয়েল ট্যাংক ইত্যাদি যে সব স্থানে আছে সে সকল জোন এবং প্রবেশ নিষিদ্ধ জোন পরিষ্কারভাবে চিহ্নিতকরণ, বিপদসংকেত প্রদর্শন এবং শ্রমিকদের এসব বিষয়ে সচেতন করতে হবে।

ন) জাহাজের উঁচু স্থানে কাজ করার জন্য ফল প্রিভেনশন যন্ত্রপাতি সংগ্রহপূর্বক তা ব্যবহার করতে হবে।

প) বদ্ধ জায়গায় কাজ করার সময় পর্যাপ্ত আলো (৩০০ লাক্স বা ততোধিক), গ্যাস মনিটরিং (O_2, CO, H_2S, Lower Explosive Limit Concentrations etc.), অগ্নিনিরোধক, ফাস্ট এইড এবং পর্যাপ্ত বায়ু চালাচলের ব্যবস্থা করতে হবে।

ফ) এন্টি ফাউলিং পেইন্ট সংগ্রহপূর্বক এয়ারটাইট কন্টেইনারে এবং অন্যান্য পেইন্ট চিপস নির্ধারিত স্থানে সংরক্ষণ করতে হবে এবং উচ্চ তাপমাত্রার ইনসিনারেটরে (১২০০ ডিগ্রি সেন্টিগ্রেড) পুড়িয়ে পরিত্যাজন করতে হবে।

ব) জাহাজ ভাঙ্গা ইয়ার্ডে বা স্ক্র্যাপ জাহাজে কোনো দুর্ঘটনা সংঘটিত হলে ৪৮ ঘন্টার মধ্যে ও বিপজ্জনক বর্জ্য ও জাহাজ ভাঙ্গার বর্জ্য ব্যবস্থাপনা বিধিমালা ২০১১ -এর তফসিল ৭ অনুসারে মহাপরিচালক, পরিবেশ অধিদপ্তরকে অবহিত করতে হবে।

ভ) জাহাজ ভাঙ্গা কার্যক্রমের বিভিন্ন পর্যায়ের কর্মকর্তা, কর্মচারি ও শ্রমিকদের (মাস্টাররোলসহ) সম্ভাব্য দুর্ঘটনা প্রতিরোধ এবং দুর্ঘটনা সম্পর্কে পর্যাপ্ত প্রশিক্ষণ দিতে হবে। প্রশিক্ষণপ্রাপ্ত শ্রমিকদের প্রশিক্ষণ কাজে রিট পিটিশন ৭২৬০/২০০৮ এর আদেশ অনুযায়ী ব্যবস্থা নিতে হবে।

ম) স্ক্র্যাপ জাহাজ ভাঙ্গার ফলে সৃষ্ট জরুরী অবস্থা মোকাবেলার জন্য বিপজ্জনক বর্জ্য ও জাহাজ ভাঙ্গার বর্জ্য ব্যবস্থাপনা বিধিমালা ২০১১-এর তফসিল ১২ অনুসারে বিস্তারিত পরিকল্পনা জাহাজ ভাঙ্গা শুরুর পূর্বে প্রস্তুত করে এক প্রস্থ মহাপরিচালক, পরিবেশ অধিদপ্তর বরাবরে দাখিল করতে হবে এবং জাহাজ ভাঙ্গার স্থলে সংরক্ষণ করতে হবে।

য) জাহাজ ভাঙ্গার ক্ষেত্রে সম্ভাব্য দুর্ঘটনার প্রকৃতি দুর্ঘটনার সময় ও দুর্ঘটনার পরবর্তী করণীয় ও অকরণীয় সম্পর্কে স্থানীয় জনসাধারণের মাঝে সচেতনতা সৃষ্টির লক্ষ্যে স্থানীয় সরকার পরিষদের মাধ্যমে ব্যাপক প্রচার কার্য পরিচালনার উদ্যোগ গ্রহণ করতে হবে।

র) প্রত্যেক জাহাজে বিদ্যমান বিপজ্জনক পদার্থ বা বর্জ্যের সর্বশেষ অংশ চূড়ান্তরুপে পরিত্যাজন করার পর ০৩ (তিন) বছর পর্যন্ত এই বিধিতে উল্লেখিত রেকর্ড পত্র সংরক্ষণ করতে হবে।

ল) মাত্রা বহির্ভূত বর্জ্য তেল বিপজ্জনক বর্জ্য পোড়ানোর চুল্লীতে পুড়িয়ে নিষ্পন্ন করা ব্যতীত অন্য কারো নিকট প্রদান বা বিক্রয় বা হস্তান্তর করা যাবে না। উক্ত বর্জ্য তেল সৃষ্টিকারীর অথবা পরিবেশগত ছাড়পত্রধারী বিপজ্জনক বর্জ্য পোড়ানোর ইনসিনারেটর মালিক বা দখলদারের দখলে ছাড়া অন্য কারো দখলে রাখা যাবে না।

শ) দুর্ঘটনাজনিত কারণে শ্রমিক বা কর্মচারীদের ক্ষতিপূরণের বিষয়টি বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ অনুসারে এবং পরিবেশ ও প্রতিবেশ ব্যবস্থার ক্ষয়ক্ষতি নির্ধারণ ও ক্ষতিপূরণ আদায় বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ অনুসারে নিষ্পন্ন করতে হবে।

ষ) জাহাজ কাটার পূর্বে পরিবেশ অধিদপ্তর, চট্টগ্রাম অঞ্চল কার্যালয়কে অবহিত করতে হবে।

স) বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ এবং তদধীন প্রণীত বিধিমালা এ প্রদত্ত ক্ষমতাবলে উপরিল্লিখিত শর্তসমূহ Enforce করা হবে।

৫. **MT. LAKATAMIA (IMO NO.9203796), চিটাগাং শিপব্রেকিং এন্ড রিসাইক্লিং ইন্ডাস্ট্রিজ, জাহানাবাদ, ভাটিয়ারী, সীতাকুন্ড, চট্টগ্রাম** (শিল্প/প্রকল্প কার্যক্রম: স্ক্র্যাপ জাহাজ ভাঙা): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদন ও অন্যান্য কাগজপত্র, ইএমপি প্রতিবেদন এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে আলোচ্য ১০,০৮১.৬০ মেট্রিক টন ওজনবিশিষ্ট MT. LAKATAMIA (IMO NO.9203796) স্ক্র্যাপ জাহাজ চিটাগাং শিপ ব্রেকিং এন্ড রিসাইক্লিং ইন্ডাস্ট্রিজ নামক ইয়ার্ডে ভাঙ্গার জন্য জাহাজের অনুকূলে কার্যবিবরণীর ক্রমিক নং-ক/৪ এর খ-স এ উল্লিখিত বিশেষ শর্তে চট্টগ্রাম জেলা কার্যালয় কর্তৃক পরিবেশগত ছাড়পত্র জারীর সুপারিশ গৃহীত হয়।

৬. **MV. WINNIE (IMO NO.9218868), পিএইচপি শিপ ব্রেকিং এন্ড রিসাইক্লিং ইন্ডাস্টিজ লি:, শীতলপুর, সীতাকুন্ড, চট্টগ্রাম** (শিল্প/প্রকল্প কার্যক্রম: স্ক্র্যাপ জাহাজ ভাঙা): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদন ও অন্যান্য কাগজপত্র, ইএমপি প্রতিবেদন এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে আলোচ্য ২১,২১৬ মেট্রিক টন ওজনবিশিষ্ট MV. WINNIE (IMO NO.9218868) স্ক্র্যাপ জাহাজ পিএইচপি শিপ ব্রেকিং এন্ড রিসাইক্লিং ইন্ডাস্টিজ লি: নামক ইয়ার্ডে ভাঙ্গার জন্য জাহাজের অনুকূলে কার্যবিবরণীর ক্রমিক নং-ক/৪ এর খ-স এ উল্লিখিত বিশেষ শর্তে চট্টগ্রাম জেলা কার্যালয় কর্তৃক পরিবেশগত ছাড়পত্র জারীর সুপারিশ গৃহীত হয়।

৭. **MV. OCEAN PEACE (IMO NO.9050395), কিং স্টিলস, উত্তর সলিমপুর, জাফরাবাদ, সীতাকুন্ড, চট্টগ্রাম** (শিল্প/প্রকল্প কার্যক্রম: স্ক্র্যাপ জাহাজ ভাঙা): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদন ও অন্যান্য কাগজপত্র, ইএমপি প্রতিবেদন এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে আলোচ্য ১০,৮৪৭.৯০ মেট্রিক টন ওজনবিশিষ্ট MV. OCEAN PEACE (IMO NO.9050395) স্ক্র্যাপ জাহাজ কিং স্টিলস নামক ইয়ার্ডে ভাঙ্গার জন্য জাহাজের অনুকূলে কার্যবিবরণীর ক্রমিক নং-ক/৪ এর খ-স এ উল্লিখিত বিশেষ শর্তে চট্টগ্রাম জেলা কার্যালয় কর্তৃক পরিবেশগত ছাড়পত্র জারীর সুপারিশ গৃহীত হয়।

৮. **MV. GUO YUAN 9 (IMO NO.9100205), মেসার্স বিওবি রিসাইক্লিয়ার্স, মধ্যম সোনাইছড়ি, শীতলপুর, সীতাকুন্ড, চট্টগ্রাম** (শিল্প/প্রকল্প কার্যক্রম: স্ক্র্যাপ জাহাজ ভাঙা): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদন ও অন্যান্য কাগজপত্র, ইএমপি প্রতিবেদন এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে আলোচ্য ৯,২৬৫.২৮ মেট্রিক টন ওজনবিশিষ্ট MV. GUO YUAN 9 (IMO NO.9100205) স্ক্র্যাপ জাহাজ মেসার্স বিওবি রিসাইক্লিয়ার্স নামক ইয়ার্ডে ভাঙ্গার জন্য জাহাজের অনুকূলে কার্যবিবরণীর ক্রমিক নং-ক/৪ এর খ-স এ উল্লিখিত বিশেষ শর্তে চট্টগ্রাম জেলা কার্যালয় কর্তৃক পরিবেশগত ছাড়পত্র জারীর সুপারিশ গৃহীত হয়।

৯. **MV. MILLENNIUM LEADER (IMO NO.9141211), এনবি স্টিলস, উত্তর সলিমপুর, সীতাকুন্ড, চট্টগ্রাম** (শিল্প/প্রকল্প কার্যক্রম: স্ক্র্যাপ জাহাজ ভাঙা): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদন ও অন্যান্য কাগজপত্র, ইএমপি প্রতিবেদন এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে আলোচ্য ৪,৪৯৩.০২ মেট্রিক টন ওজনবিশিষ্ট MV. MILLENNIUM LEADER (IMO NO.9141211) স্ক্র্যাপ জাহাজ এনবি স্টিলস নামক ইয়ার্ডে ভাঙ্গার জন্য জাহাজের অনুকূলে কার্যবিবরণীর ক্রমিক নং-ক/৪ এর খ-স এ উল্লিখিত বিশেষ শর্তে চট্টগ্রাম জেলা কার্যালয় কর্তৃক পরিবেশগত ছাড়পত্র জারীর সুপারিশ গৃহীত হয়।

১০. **MT. PIA (IMO NO.9075333), চিটাগাং শিপ ব্রেকিং এন্ড রিসাইক্লিং ইন্ডাস্ট্রিজ, জাহানাবাদ, ভাটিয়ারী, সীতাকুন্ড, চট্টগ্রাম** (শিল্প/প্রকল্প কার্যক্রম: স্ক্র্যাপ জাহাজ ভাঙা): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদন ও অন্যান্য কাগজপত্র, ইএমপি প্রতিবেদন এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে আলোচ্য ৩০,৪৫৬.৩ মেট্রিক টন ওজনবিশিষ্ট MT. PIA (IMO NO.9075333) স্ক্র্যাপ জাহাজ চিটাগাং শিপ ব্রেকিং এন্ড রিসাইক্লিং ইন্ডাস্ট্রিজ নামক ইয়ার্ডে ভাঙ্গার জন্য জাহাজের অনুকূলে কার্যবিবরণীর ক্রমিক নং-ক/৪ এর খ-স এ উল্লিখিত বিশেষ শর্তে চট্টগ্রাম জেলা কার্যালয় কর্তৃক পরিবেশগত ছাড়পত্র জারীর সুপারিশ গৃহীত হয়।

১১. **MV. WANG (IMO NO.9061875), আরেফিন এন্টারপ্রাইজ, জাহানাবাদ, কদমরসুল, সীতাকুন্ড, চট্টগ্রাম** (শিল্প/প্রকল্প কার্যক্রম: স্ক্র্যাপ জাহাজ ভাঙা): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদন ও অন্যান্য কাগজপত্র, ইএমপি প্রতিবেদন এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে আলোচ্য ৯,৬১৪ মেট্রিক টন ওজনবিশিষ্ট MV. WANG (IMO NO.9061875) স্ক্র্যাপ জাহাজ আরেফিন এন্টারপ্রাইজ নামক ইয়ার্ডে ভাঙ্গার জন্য জাহাজের অনুকূলে কার্যবিবরণীর ক্রমিক নং-ক/৪ এর খ-স এ উল্লিখিত বিশেষ শর্তে চট্টগ্রাম জেলা কার্যালয় কর্তৃক পরিবেশগত ছাড়পত্র জারীর সুপারিশ গৃহীত হয়।

১২. **MV. ALEK (IMO NO.8720979), বিওবি রিসাইক্লিয়ার্স, মধ্যম সোনইছড়ি, শীতলপুর, সীতাকুন্ড, চট্টগ্রাম** (শিল্প/প্রকল্প কার্যক্রম: স্ক্র্যাপ জাহাজ ভাঙা): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদন ও অন্যান্য কাগজপত্র, ইএমপি প্রতিবেদন এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে আলোচ্য ৩,১২০ মেট্রিক টন ওজনবিশিষ্ট MV. ALEK (IMO NO.8720979) স্ক্র্যাপ জাহাজ বিওবি রিসাইক্লিয়ার্স নামক ইয়ার্ডে ভাঙ্গার জন্য জাহাজের অনুকূলে কার্যবিবরণীর ক্রমিক নং-ক/৪ এর খ-স এ উল্লিখিত বিশেষ শর্তে চট্টগ্রাম জেলা কার্যালয় কর্তৃক পরিবেশগত ছাড়পত্র জারীর সুপারিশ গৃহীত হয়।

১৩. **MV. GENERALIS (IMO NO.8721026), বিওবি রিসাইক্লিয়ার্স, মধ্যম সোনইছড়ি, শীতলপুর, সীতাকুন্ড, চট্টগ্রাম** (শিল্প/প্রকল্প কার্যক্রম: স্ক্র্যাপ জাহাজ ভাঙা): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদন ও অন্যান্য কাগজপত্র, ইএমপি প্রতিবেদন এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে আলোচ্য ৩,৩১১.০৫ মেট্রিক টন ওজনবিশিষ্ট MV. GENERALIS (IMO NO.8721026) স্ক্র্যাপ জাহাজ বিওবি রিসাইক্লিয়ার্স নামক ইয়ার্ডে ভাঙ্গার জন্য জাহাজের অনুকূলে কার্যবিবরণীর ক্রমিক নং-ক/৪ এর খ-স এ উল্লিখিত বিশেষ শর্তে চট্টগ্রাম জেলা কার্যালয় কর্তৃক পরিবেশগত ছাড়পত্র জারীর সুপারিশ গৃহীত হয়।

(খ) পরিবেশগত ছাড়পত্র: সুপারিশকৃত শিল্প ও প্রকল্পসমূহ (কমলা শ্রেণি)

১. **কাটিং এজ ইন্ডাস্ট্রিজ লিমিটেড (ওয়াশিং প্লান্ট), দক্ষিণ সালনা, সালনা বাজার, গাজীপুর সিটি কর্পোরেশন, গাজীপুর** (শিল্প/প্রকল্প কার্যক্রম: রেডিমেড গার্মেন্টস (ডেনিম ও নন ডেনিম) ওয়াশিং): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র, ইএমপি প্রতিবেদন ও অন্যান্য কাগজপত্র, পরিদর্শন প্রতিবেদন এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে আলোচ্য কারখানার অনুকূলে গাজীপুর জেলা কার্যালয় কর্তৃক গত ১৬/০৫/২০১৪ তারিখে ২২.০২.৩৩০০.১৩৮.৭১.৪৩৮.১৪/ছাড়-৬৫ সংখ্যক স্মারকের মাধ্যমে জারীকৃত পরিবেশগত ছাড়পত্র বাতিলপূর্বক নিম্নবর্ণিত শর্তে পরিবেশগত ছাড়পত্র জারীর সুপারিশ গৃহীত হয়:

ক) এ ছাড়পত্র দৈনিক সর্বোচ্চ ১২ মে.টন রেডিমেড গার্মেন্টস (ডেনিম ও নন ডেনিম) ওয়াশিং কার্যক্রম পরিচালনার জন্য প্রযোজ্য। প্রকল্পের উৎপাদন বৃদ্ধি, জায়গা সম্প্রসারণ, উৎপাদন প্রক্রিয়া বা তৎসংশ্লিষ্ট কোনো প্রকার পরিবর্তনের জন্য পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্র গ্রহণ করতে হবে।

খ) কারখানার উৎপাদন প্রক্রিয়ায় বিভিন্ন ইউনিট হতে সৃষ্ট তরল বর্জ্য ২৫০ ঘনমিটার/ঘন্টা ক্ষমতাসম্পন্ন তরল বর্জ্য পরিশোধনাগার (ইটিপি)-এর মাধ্যমে পরিশোধন করতে হবে। পরিশোধিত তরল বর্জ্য নির্গমনের জন্য নির্ধারিত ড্রেনেজ লাইন ব্যতীত অন্য কোনো বাইপাস লাইনের মাধ্যমে নির্গমন করা যাবে না। ইটিপি হতে নির্গত তরল বর্জ্যের তাৎক্ষণিক সংগৃহীত নমুনার মানমাত্রা পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ২০২৩-এ উল্লিখিত মানমাত্রার মধ্যে থাকতে হবে। কোনো সময় ইটিপি বা এর কোনো ইউনিট অকার্যকর হলে সাথে সাথে সংশ্লিষ্ট উৎপাদন ইউনিট বন্ধ করতে হবে। ইটিপি সংস্কার করে এর কার্যক্ষমতা সম্পর্কে নিশ্চিত হওয়া সাপেক্ষে বন্ধ ইউনিট পুনরায় চালু করা যাবে।

গ) ইএমপি প্রতিবেদন উল্লিখিত সকল Mitigation Measures সার্বক্ষণিক কার্যকারিভাবে চালু রাখতে হবে।

ঘ) কারখানাটি চালু অবস্থায় প্রতি ছয় মাস অন্তর অর্থাৎ বছরে ২ (দুই) বার ইটিপির তরল বর্জ্যের (পরিশোধনপূর্ব ও পরিশোধনোত্তর) গুণগতমান (pH, Color, BOD_5, COD ও SS) পরীক্ষার ফলাফল পরিবেশ অধিদপ্তরে দাখিল করতে হবে।

ঙ) কারখানার তরল বর্জ্য নির্গমনের ইনলেট ও আউটলেট পয়েন্টে স্থাপিত ফ্লো মেজারিং ডিভাইস সর্বদা কার্যকর রাখতে হবে এবং ফ্লো-ড্যাটা রেকর্ড সংরক্ষণ করতে হবে।

চ) কারখানার ETP হতে সৃষ্ট স্লাজ Dewatering এর জন্য স্থাপিত স্ক্রু প্রেস যথাযথভাবে কার্যকর রাখতে হবে।

ছ) ETP'র স্ল্যাজ ব্যবস্থাপনার লক্ষ্যে Bangladesh Standard and Guidelines for Sludge Management অনুসারে Sludge Management Plan প্রণয়ন করে আগামী ৩(তিন) মাসের মধ্যে অনুমোদনের জন্য পরিবেশ অধিদপ্তরে দাখিল করতে হবে।

জ) কারখানার পয়বর্জ্য পরিশোধনের জন্য স্থাপিত ১০ ঘনমিটার/ঘন্টা ক্ষমতাসম্পন্ন STP-এর মাধ্যমে পরিশোধন করতে হবে। কারখানাটি চালু অবস্থায় প্রতি ছয় মাস অন্তর অর্থাৎ বছরে ২ বার STP'র তরল বর্জ্যের (পরিশোধনপূর্ব ও পরিশোধনোত্তর) গুণগতমান (pH, BOD_5, COD, SS ও *E. coli*) পরীক্ষার ফলাফল পরিবেশ অধিদপ্তরে দাখিল করতে হবে।

ঝ) বায়বীয় বর্জ্য নির্গমনের জন্য স্থাপিত চিমনি সার্বক্ষণিক কার্যক্ষম রাখতে হবে।

ঞ) জেনারেটরের Spent lubricating oil এবং Oil Filter পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্র গ্রহণকারী প্রতিষ্ঠান ব্যতিরেকে অন্য কোনো Vendor এর কাছে বিক্রয় করা যাবে না।

ট) কারখানা চত্বরে উপযুক্ত প্রজাতির ফলদ ও বনজ গাছ লাগিয়ে সবুজায়ন করতে হবে।

ঠ) কারখানার পরিবেশগত ব্যবস্থাপনার জন্য যথাযথ ডিগ্রিধারী প্রশিক্ষিত জনবল রাখতে হবে। কারখানার ইটিপি পরিচালনার লক্ষ্যে প্রতিটি শিফটের জন্য অপারেটর এবং ETP Performance মনিটরিং-এর জন্য প্রয়োজনীয় যন্ত্রপাতিসহ কারখানায় নিজস্ব গবেষণাগার স্থাপনপূর্বক দক্ষ জনবল নিয়োগ করতে হবে।

ড) কারখানায় কর্মরত শ্রমিকদেরকে কারখানার অভ্যন্তরে সার্বক্ষণিক উপযুক্ত মাস্ক, হ্যান্ডগ্লাভস, সেফটিগ্লাভস, বুট, হেলমেট ব্যবহার করতে হবে। এ ছাড়া পেশাগত স্বাস্থ্য রক্ষার্থে সকলব্যবস্থা সার্বক্ষণিক চালু রাখতে হবে।

ঢ) অগ্নি নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিত করার লক্ষ্যে বাংলাদেশ ন্যাশনাল বিল্ডিং কোড এবং ফায়ার লাইসেন্সের শর্তানুসারে উপযুক্ত ব্যবস্থাদি সার্বক্ষণিক কার্যকরী রাখতে হবে।

ণ) কারখানার শব্দের মাত্রা শব্দদূষণ (নিয়ন্ত্রণ) বিধিমালা, ২০০৬-এ বর্ণিত মানমাত্রার মধ্যে রাখতে হবে।

ত) কারখানার বর্জ্য ব্যবস্থাপনার জন্য 3R (Reduce, Reuse and Recycle) Policy অবলম্বন করতে হবে।

থ) এই ছাড়পত্র ভূমির মালিকানা স্বত্ব নির্ধারণ করে না।

২. **Fucolor Future Limited; প্লট নং- ৫৬, ৫৭, ৫৮, ৬১-৬৩, জামালপুর অর্থনৈতিক অঞ্চল, সদর, জামালপুর** (শিল্প/প্রকল্প কার্যক্রম: রিঅ্যাকটিভ ডাইস, ডিসপার্স ডাইস, টেক্সটাইল অক্সিলিয়ারিজ, বেসিক ডাইস): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র, ইএমপি প্রতিবেদন ও অন্যান্য কাগজপত্র, পরিদর্শন প্রতিবেদন এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে আলোচ্য প্রকল্পের অনুকূলে জামালপুর জেলা কার্যালয় কর্তৃক নিম্নবর্ণিত শর্তে পরিবেশগত ছাড়পত্র জারীর সুপারিশ গৃহীত হয়:

ক) এ কারখানায় দৈনিক সর্বোচ্চ ৪০ টন রিঅ্যাকটিভ ডাইস, ১০ টন ডিসপার্স ডাইস, ১ টন টেক্সটাইল অক্সিলিয়ারিজ, ৫ টন বেসিক ডাইস উৎপাদনের জন্য এ ছাড়পত্র প্রযোজ্য হবে। কারখানার উৎপাদন বৃদ্ধি, জায়গা সম্প্রসারণ, উৎপাদন প্রক্রিয়া বা তৎসংশ্লিষ্ট কোনো প্রকার পরিবর্তনের জন্য পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্র গ্রহণ করতে হবে।

খ) পরিবেশ অধিদপ্তরে দাখিলকৃত ডিজাইন মোতাবেক কারখানার তরল বর্জ্য পরিশোধনের জন্য ১ ঘনমিটার/ ঘন্টা ক্ষমতাসম্পন্ন ইটিপি নির্মাণ করতে হবে।

গ) কারখানার উৎপাদন প্রক্রিয়ায় বিভিন্ন ইউনিট হতে সৃষ্ট তরল বর্জ্য ১ ঘনমিটার/ঘন্টা ক্ষমতাসম্পন্ন তরল বর্জ্য পরিশোধনাগার (ইটিপি)-এর মাধ্যমে পরিশোধন করতে হবে। পরিশোধিত তরল বর্জ্য নির্গমনের জন্য নির্ধারিত ড্রেনেজ লাইন ব্যতীত অন্য কোনো বাইপাস লাইনের মাধ্যমে নির্গমন করা যাবে না। ইটিপি হতে নির্গত তরল বর্জ্যের তাৎক্ষণিক সংগৃহীত নমুনার মানমাত্রা পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ২০২৩-এর তফসিল-৪ এ উল্লিখিত মানমাত্রার মধ্যে থাকতে হবে। কোনো সময় ইটিপি বা এর কোনো ইউনিট অকার্যকর হলে সাথে সাথে সংশ্লিষ্ট উৎপাদন ইউনিট বন্ধ করতে হবে। ইটিপি সংস্কার করে এর কার্যক্ষমতা সম্পর্কে নিশ্চিত হওয়া সাপেক্ষে বন্ধ ইউনিট পুনরায় চালু করা যাবে।

ঘ) কেমিক্যাল স্টোররুমের যথাযথ Safety/security-এর ব্যবস্থা করতে হবে এবং সংরক্ষণাগারে উপযুক্ত ভেন্টিলেশনের ব্যবস্থা রাখতে হবে।

ঙ) ইএমপি প্রতিবেদনে উল্লিখিত সকল Mitigation measures সার্বক্ষণিক কার্যকরীভাবে চালু রাখতে হবে।

চ) কারখানায় কাঁচামাল বহনকারী খালি ড্রাম/ কনটেইনার পরিবেশসম্মতভাবে কেমিক্যালমুক্ত (Tripple rinsed) না করে বিক্রি করা যাবে না।

ছ) কারখানার উৎপাদন প্রক্রিয়ায় সৃষ্ট তরলবর্জ্য কোনোক্রমেই অপরিশোধিত অবস্থায় পরিবেশে নির্গমণ করা যাবে না।

জ) কারখানাটি চালু অবস্থায় প্রতি ছয় মাস অন্তর অর্থাৎ বছরে ২ (দুই) বার ইটিপির তরল বর্জ্যের (পরিশোধনপূর্ব ও পরিশোধনোত্তর) গুণগতমান (pH, BOD_5, COD ও SS) পরীক্ষার ফলাফল পরিবেশ অধিদপ্তরে দাখিল করতে হবে।

ঝ) কারখানার মেঝে ধৌত/ মেশিনারিজ/ ড্রাম ওয়াশিং পানি ইটিপির মাধ্যমে পরিশোধন করে নির্গমন করার ব্যবস্থা কার্যকরীভাবে চালু রাখতে হবে।

ঞ) বায়বীয় বর্জ্য নির্গমনের ক্ষেত্রে বিশেষ ডাক্ট ও exhaust ফ্যান সার্বক্ষণিক কার্যক্ষম রাখতে হবে।

ট) অগ্নি নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিত করার লক্ষ্যে বাংলাদেশ ন্যাশনাল বিল্ডিং কোড এবং ফায়ার লাইসেন্সের শর্তানুসারে উপযুক্ত ব্যবস্থাদি সার্বক্ষণিক কার্যকরী রাখতে হবে।

ঠ) কারখানায় কর্মরত শ্রমিকদেরকে কারখানার অভ্যন্তরে সার্বক্ষণিক উপযুক্ত মাস্ক, হ্যান্ডগ্লাভস, Eye shower, সেফটি গ্লাভস, বুট, হেলমেট ব্যবহার করতে হবে। এ ছাড়া পেশাগত স্বাস্থ্য রক্ষার্থে সকল ব্যবস্থা সার্বক্ষণিক চালু রাখতে হবে। শ্রমিকদের নিয়মিত স্বাস্থ্য পরীক্ষা করতে হবে এবং এতদসংক্রান্ত রেকর্ড সংরক্ষণ করতে হবে।

ড) কারখানার শব্দ নির্গমণ মাত্রা শব্দ দূষণ (নিয়ন্ত্রণ) বিধিমালা, ২০০৬-এ বর্ণিত মানমাত্রার মধ্যে রাখতে হবে।

ঢ) বর্জ্য ব্যবস্থাপনার জন্য 3R (Reduce, Reuse and Recycle) Policy অবলম্বন করতে হবে।

ণ) ইটিপি নির্মাণসহ ইএমপি প্রতিবেদনে উল্লিখিত সকল মিটিগেশন মেজারস বাস্তবায়ন করে কারখানা চালুর পূর্বে অত্র দপ্তরকে অবহিত করতে হবে। পরিবেশ অধিদপ্তরকে অবহিত না করে কারখানার উৎপাদন কার্যক্রম চালু করা যাবে না।

ত) এই ছাড়পত্র ভূমির মালিকানা স্বত্ব নির্ধারণ করে না।

থ) বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ এবং তদধীন প্রণীত বিধিমালা এ প্রদত্ত ক্ষমতাবলে উপরিল্লিখিত শর্তসমূহ Enforce করা হবে।

৩. **স্কয়ার টেক্সটাইলস লিমিটেড; অলিপুর, শায়েস্তাগঞ্জ, হবিগঞ্জ** (শিল্প/প্রকল্প কার্যক্রম: সুতা, ডাইড ফাইবার, তুলা ও পলিয়েস্টার প্রস্তুত): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র, ইএমপি প্রতিবেদন ও অন্যান্য কাগজপত্র, পরিদর্শন প্রতিবেদন এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে আলোচ্য প্রকল্পের অনুকূলে হবিগঞ্জ জেলা কার্যালয় কর্তৃক গত ২৮/০১/২০১৯ তারিখে অনলাইন ছাড়পত্র নম্বর: ১৯-১৮২৮০ সংখ্যক স্মারকমূলে জারীকৃত পরিবেশগত ছাড়পত্র বাতিলপূর্বক নিম্নবর্ণিত শর্তে পরিবেশগত ছাড়পত্র জারীর সুপারিশ গৃহীত হয়:

ক) এ ছাড়পত্র মাসিক সর্বোচ্চ ১৮০০ মেট্রিক টন সুতা, ১৬৫ মেট্রিক টন ডাইড ফাইবার, ১৬০০ মেট্রিক টন তুলা ও ৪০০ মেট্রিক টন পলিস্টার প্রস্তুত কার্যক্রম পরিচালনার জন্য প্রযোজ্য। প্রকল্পের উৎপাদন বৃদ্ধি, জায়গা সম্প্রসারণ, উৎপাদন প্রক্রিয়া বা তৎসংশ্লিষ্ট কোনো প্রকার পরিবর্তনের জন্য পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্র গ্রহণ করতে হবে।

খ) কারখানার উৎপাদন প্রক্রিয়ায় বিভিন্ন ইউনিট হতে সৃষ্ট তরল বর্জ্য ১৬৫ ঘনমিটার/ঘন্টা ক্ষমতাসম্পন্ন তরল বর্জ্য পরিশোধনাগার (ইটিপি)-এর মাধ্যমে পরিশোধন করতে হবে। পরিশোধিত তরল বর্জ্য নির্গমনের জন্য নির্ধারিত ড্রেনেজ লাইন ব্যতীত অন্য কোনো বাইপাস লাইনের মাধ্যমে নির্গমন করা যাবে না। ইটিপি হতে নির্গত তরল বর্জ্যের তাৎক্ষণিক সংগৃহীত নমুনার মানমাত্রা পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ২০২৩-এ উল্লিখিত মানমাত্রার মধ্যে থাকতে হবে। কোনো সময় ইটিপি বা এর কোনো ইউনিট অকার্যকর হলে সাথে সাথে সংশ্লিষ্ট উৎপাদন ইউনিট বন্ধ করতে হবে। ইটিপি সংস্কার করে এর কার্যক্ষমতা সম্পর্কে নিশ্চিত হওয়া সাপেক্ষে বন্ধ ইউনিট পুনরায় চালু করা যাবে।

গ) ইএমপি প্রতিবেদন উল্লিখিত সকল Mitigation Measures সার্বক্ষণিক কার্যকারিভাবে চালু রাখতে হবে।

ঘ) কারখানাটি চালু অবস্থায় প্রতি ছয় মাস অন্তর অর্থাৎ বছরে ২ বার ইটিপির তরল বর্জ্যের (পরিশোধনপূর্ব ও পরিশোধনোত্তর) গুণগতমান (pH, BOD_5, COD ও SS) পরীক্ষার ফলাফল পরিবেশ অধিদপ্তরে দাখিল করতে হবে।

ঙ) কারখানার তরল বর্জ্য নির্গমনের ইনলেট ও আউটলেট পয়েন্টে স্থাপিত ফ্লো মেজারিং ডিভাইস সর্বদা কার্যকর রাখতে হবে এবং ফ্লো-ড্যাটা রেকর্ড সংরক্ষণ করতে হবে।

চ) কারখানার ETP হতে সৃষ্ট স্লাজ Dewatering এর জন্য স্থাপিত স্ক্রু-প্রেস যথাযথভাবে কার্যকর রাখতে হবে।

ছ) কারখানার উৎপাদন প্রক্রিয়ায় সৃষ্ট ডাস্ট নিয়ন্ত্রণের জন্য স্থাপিত ডাস্ট কালেক্টর সার্বক্ষণিক কার্যক্ষম রাখতে হবে।

জ) বায়বীয় বর্জ্য নির্গমনের জন্য স্থাপিত চিমনি সার্বক্ষণিক কার্যক্ষম রাখতে হবে।

ঝ) জেনারেটরের Spent lubricating oil এবং Oil Filter পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্র গ্রহণকারী প্রতিষ্ঠান ব্যতিরেকে অন্য কোনো Vendor এর কাছে বিক্রয় করা যাবে না।

ঞ) কারখানা চত্বরে উপযুক্ত প্রজাতির ফলদ ও বনজ গাছ লাগিয়ে সবুজায়ন করতে হবে।

ট) কারখানার পরিবেশগত ব্যবস্থাপনার জন্য যথাযথ ডিগ্রিধারী প্রশিক্ষিত জনবল রাখতে হবে। কারখানার ইটিপি পরিচালনার লক্ষ্যে প্রতিটি শিফটের জন্য অপারেটর এবং CETP Performance মনিটরিং-এর জন্য প্রয়োজনীয় যন্ত্রপাতিসহ কারখানায় নিজস্ব গবেষণাগার স্থাপনপূর্বক দক্ষ জনবল নিয়োগ করতে হবে।

ঠ) কারখানায় কর্মরত শ্রমিকদেরকে কারখানার অভ্যন্তরে সার্বক্ষণিক উপযুক্ত মাস্ক, হ্যান্ডগ্লাভস, সেফটিগ্লাভস, বুট, হেলমেট ব্যবহার করতে হবে। এ ছাড়া পেশাগত স্বাস্থ্য রক্ষার্থে সকলব্যবস্থা সার্বক্ষণিক চালু রাখতে হবে।

ড) অগ্নি নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিত করার লক্ষ্যে বাংলাদেশ ন্যাশনাল বিল্ডিং কোড এবং ফায়ার লাইসেন্সের শর্তানুসারে উপযুক্ত ব্যবস্থাদি সার্বক্ষণিক কার্যকরী রাখতে হবে।

ঢ) কারখানার শব্দ নির্গমণ মাত্রা শব্দ দূষণ (নিয়ন্ত্রণ) বিধিমালা, ২০০৬-এ বর্ণিত মানমাত্রার মধ্যে রাখতে হবে।

ণ) কারখানার বর্জ্য ব্যবস্থাপনার জন্য 3R (Reduce, Reuse and Recycle) Policy অবলম্বন করতে হবে।

ত) এই ছাড়পত্র ভূমির মালিকানা স্বত্ব নির্ধারণ করে না।

থ) বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ এবং তদধীন প্রণীত বিধিমালা এ প্রদত্ত ক্ষমতাবলে উপরিল্লিখিত শর্তসমূহ Enforce করা হবে।

৪. **আয়েশা আবেদ ফাউন্ডেশন; কুমারগাড়া, বিসিক, সদর, কুষ্টিয়া** (শিল্প/প্রকল্প কার্যক্রম: বস্ত্র ব্লক ও স্ক্রিন প্রিন্টিং, ডাইং ও ওয়াশিং): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র, ইএমপি প্রতিবেদন ও অন্যান্য কাগজপত্র, পরিদর্শন প্রতিবেদন এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে আলোচ্য প্রকল্পের অনুকূলে কুষ্টিয়া জেলা কার্যালয় কর্তৃক নিম্নবর্ণিত বিশেষ শর্তে জিরো ডিসচার্জ প্ল্যান অনুমোদনসহ পরিবেশগত ছাড়পত্র জারীর সুপারিশ গৃহীত হয়:

ক) এ ছাড়পত্র দৈনিক সর্বোচ্চ ৪৩০ সংখ্যক বস্ত্র ব্লক ও স্ক্রিন প্রিন্টিং, ৮ কেজি সুতা ও কাপড় ডাইং ও ১৯৫ সংখ্যক বস্ত্র ওয়াশিং কার্যক্রম পরিচালনার জন্য প্রযোজ্য। প্রকল্পের উৎপাদন বৃদ্ধি, জায়গা সম্প্রসারণ, উৎপাদন প্রক্রিয়া বা তৎসংশ্লিষ্ট কোনো প্রকার পরিবর্তনের জন্য পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্র গ্রহণ করতে হবে।

খ) কারখানার উৎপাদন প্রক্রিয়ায় বিভিন্ন ইউনিট হতে সৃষ্ট তরল বর্জ্য ১.৫ ঘনমিটার/ঘন্টা ক্ষমতাসম্পন্ন তরল বর্জ্য পরিশোধনাগার (ইটিপি)-এর মাধ্যমে পরিশোধন করতে হবে। পরিশোধিত তরল বর্জ্য নির্গমনের জন্য নির্ধারিত ড্রেনেজ লাইন ব্যতীত অন্য কোনো বাইপাস লাইনের মাধ্যমে নির্গমন করা যাবে না। ইটিপি হতে নির্গত তরল বর্জ্যের তাৎক্ষণিক সংগৃহীত নমুনার মানমাত্রা পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ২০২৩-এ উল্লিখিত মানমাত্রার মধ্যে থাকতে হবে। কোনো সময় ইটিপি বা এর কোনো ইউনিট অকার্যকর হলে সাথে সাথে সংশ্লিষ্ট উৎপাদন ইউনিট বন্ধ করতে হবে। ইটিপি সংস্কার করে এর কার্যক্ষমতা সম্পর্কে নিশ্চিত হওয়া সাপেক্ষে বন্ধ ইউনিট পুনরায় চালু করা যাবে।

গ) ইএমপি প্রতিবেদন উল্লিখিত সকল Mitigation Measures সার্বক্ষণিক কার্যকারিভাবে চালু রাখতে হবে।

ঘ) কারখানাটি চালু অবস্থায় প্রতি ছয় মাস অন্তর অর্থাৎ বছরে ২ বার ইটিপির তরল বর্জ্যের (পরিশোধনপূর্ব ও পরিশোধনোত্তর) গুণগতমান (pH, BOD_5, COD ও SS) পরীক্ষার ফলাফল পরিবেশ অধিদপ্তরে দাখিল করতে হবে।

ঙ) কারখানার তরল বর্জ্য নির্গমণের ইনলেট ও আউটলেট পয়েন্টে ফ্লো মেজারিং ডিভাইস কার্যকর রাখতে হবে এবং ফ্লো-ড্যাটা রেকর্ড সংরক্ষণ করতে হবে।

চ) কারখানার ETP হতে সৃষ্ট স্লাজ Dewatering এর জন্য স্লাজ ড্রাইং বেড যথাযথভাবে কার্যকর রাখতে হবে।

ছ) পরিশোধিত তরল বর্জ্য পুনব্যবহার করতে হবে।

জ) বায়বীয় বর্জ্য নির্গমণের জন্য স্থাপিত চিমনি সার্বক্ষণিক কার্যক্ষম রাখতে হবে।

ঝ) জেনারেটরের Spent lubricating oil এবং Oil Filter পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্র গ্রহণকারী প্রতিষ্ঠান ব্যতিরেকে অন্য কোনো Vendor এর কাছে বিক্রয় করা যাবে না।

ঞ) কারখানা চত্বরে উপযুক্ত প্রজাতির ফলদ ও বনজ গাছ লাগিয়ে সবুজায়ন করতে হবে।

ট) কারখানার পরিবেশগত ব্যবস্থাপনার জন্য যথাযথ ডিগ্রিধারী প্রশিক্ষিত জনবল রাখতে হবে। কারখানার ইটিপি পরিচালনার লক্ষ্যে প্রতিটি শিফটের জন্য অপারেটর এবং ETP Performance মনিটরিং-এর জন্য প্রয়োজনীয় যন্ত্রপাতিসহ কারখানায় নিজস্ব গবেষণাগার স্থাপনপূর্বক দক্ষ জনবল নিয়োগ করতে হবে।

ঠ) কারখানায় কর্মরত শ্রমিকদেরকে কারখানার অভ্যন্তরে সার্বক্ষণিক উপযুক্ত মাস্ক, হ্যান্ডগ্লাভস, সেফটিগ্লাভস, বুট, হেলমেট ব্যবহার করতে হবে। এ ছাড়া পেশাগত স্বাস্থ্য রক্ষার্থে সকলব্যবস্থা সার্বক্ষণিক চালু রাখতে হবে।

ড) অগ্নি নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিত করার লক্ষ্যে বাংলাদেশ ন্যাশনাল বিল্ডিং কোড এবং ফায়ার লাইসেন্সের শর্তানুসারে উপযুক্ত ব্যবস্থাদি সার্বক্ষণিক কার্যকরী রাখতে হবে।

ঢ) কারখানার শব্দের মাত্রা শব্দদূষণ (নিয়ন্ত্রণ) বিধিমালা, ২০০৬-এ বর্ণিত মানমাত্রার মধ্যে রাখতে হবে।

ণ) দাখিলকৃত জিরো ডিসচার্জ প্ল্যানে উল্লিখিত সময়সীমার মধ্যে কার্যক্রমসমূহ বাস্তবায়ন করতে হবে;

ত) প্রতিবছর ছাড়পত্র নবায়নকালে এ ছাড়পত্রে উল্লিখিত শর্তসমূহ বাস্তবায়নের পাশাপাশি উক্ত সময়ে জিরো ডিসচার্জ প্ল্যানে উল্লিখিত কার্যক্রম বাস্তবায়ন করা হয়েছে কী না তা নিশ্চিত হয়ে সংশ্লিষ্ট জেলা/অঞ্চল কার্যালয় পরবর্তী বছরের জন্য ছাড়পত্র নবায়ন করতে হবে;

থ) কারখানার বর্জ্য ব্যবস্থাপনার জন্য 3R (Reduce, Reuse and Recycle) Policy অবলম্বন করতে হবে।

দ) এই ছাড়পত্র ভূমির মালিকানা স্বত্ব নির্ধারণ করে না।

ধ) বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ এবং তদধীন প্রণীত বিধিমালা এ প্রদত্ত ক্ষমতাবলে উপরিল্লিখিত শর্তসমূহ Enforce করা হবে।

৫. **মেসার্স রুহুল এগ্রো; তেলীগাড়ী, দুপচাঁচিয়া, বগুড়া** (শিল্প/প্রকল্প কার্যক্রম: জিংক সালফেট মনোহাইড্রেট বা দস্তা সার প্রস্তুত): ৫২২তম সভার সিদ্ধান্তের আলোকে উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র, ইএমপি চেকলিস্ট, পরিদর্শন প্রতিবেদন এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। সভায় বিস্তারিত আলোচনার পর আলোচ্য প্রকল্পের অনুকূলে বগুড়া জেলা কার্যালয় কর্তৃক নিম্নবর্ণিত বিশেষ শর্তে পরিবেশগত ছাড়পত্র জারীর সুপারিশ গৃহীত হয়:

ক) এ ছাড়পত্র দৈনিক সর্বোচ্চ ৫০০ কেজি জিংক সালফেট মনোহাইড্রেট বা দস্তা সার উৎপাদনের জন্য প্রযোজ্য হবে। প্রকল্পের উৎপাদন বৃদ্ধি, জায়গা সম্প্রসারণ, উৎপাদন প্রক্রিয়া বা তৎসংশ্লিষ্ট যে কোনো প্রকার পরিবর্তনের জন্য পরিবেশ অধিদপ্তরের পূর্বানুমতি/ ছাড়পত্রের প্রয়োজন হবে।

খ) কারখানার উৎপাদন প্রক্রিয়ায় বিভিন্ন ইউনিট হতে তরল/বায়বীয় বর্জ্যের নির্গমণ পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ২০২৩ এ উল্লেখিত মানমাত্রার মধ্যে হতে হবে। যে কোনো সময় তাৎক্ষণিক সংগৃহীত নমুনায় এই মানমাত্রা অতিক্রম হতে পারবে না। কোনো সময় দূষণ নিয়ন্ত্রণ ব্যবস্থা অকার্যকর হলে সাথে সাথে সংশ্লিষ্ট ইউনিট বন্ধ করতে হবে। দূষণ নিয়ন্ত্রণ ব্যবস্থা সংস্কার করে বিধিবদ্ধ মানমাত্রা নিশ্চিতকরণ সাপেক্ষে বন্ধ ইউনিট পুনরায় চালু করা যাবে।

গ) ইএমপি ফরম্যাটে বর্ণিত সকল মিটিগেশন মেজার্স সর্বদা কার্যকরীভাবে চালু রাখতে হবে।

ঘ) এ কারখানায় সৃষ্ট তরল বর্জ্য পরিবেশে নির্গমণ করা যাবে না; কারখানার বিভিন্ন উৎস হতে সৃষ্ট তরলবর্জ্য পরিশোধন করে পুনব্যবহার করতে হবে। পুনব্যবহারের অনুপযোগী তরলবর্জ্য pH neutral করে অপসারণ করতে হবে।

ঙ) কারখানায় স্থাপিত জেনারেটরের Spent lubricating oil পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্র গ্রহণকারী প্রতিষ্ঠান ব্যতিরেকে অন্য কোনো Vendor এর কাছে বিক্রয় করা যাবে না।

চ) রাসায়নিক দ্রব্য পরিবহন, গুদামজাতকরণ ও ব্যবহারের জন্য Standard Precaution & Safety ম্যানুয়াল অনুসরণ করতে হবে।

ছ) কারখানায় রাসায়নিক দ্রব্যের ব্যবহার সংক্রান্ত রেকর্ড সংরক্ষণ করতে হবে। পরিবেশ অধিদপ্তরের কর্মকর্তা কর্তৃক পরিদর্শনকালে উক্ত রেজিস্টার প্রদর্শন করতে হবে।

জ) H_2SO_4-এর ফিউম, ফিউমহুড ও ফ্যান সংযোজিত চিমনির মাধ্যমে অপসারণ করতে চিমনির উচ্চতা ন্যূনতম ৩০ মিটার হতে হবে। চিমনির মাধ্যমে নিঃসৃত H_2SO_4-এর বাষ্পের উপস্থিতি ৫০ মি.গ্রা./নরমাল ঘনমিটারের অধিক হবে না।

ঝ) কারখানায় উৎপাদিত পণ্যের গুণগতমান যথাযথ কী না সে বিষয়ে কৃষি সম্প্রসারণ অধিদপ্তর থেকে ছাড়পত্র গ্রহণ করতে হবে।

ঞ) কারখানার কাঁচামাল বহনকারী খালি ড্রাম বা কনটেইনার পরিবেশসম্মতভাবে দূষণমুক্ত পুনঃপ্রক্রিয়াকরণকারী প্রতিষ্ঠানের নিকট বিক্রি করতে হবে।

ট) বিশ্ববিদ্যালয়ের ডিগ্রিপ্রাপ্ত রসায়নবিদের মাধ্যমে কারখানার উৎপাদন পরিচালনা করতে হবে।

ঠ) অগ্নিনির্বাপনকল্পে হাসপাতালে যথোপযুক্ত ব্যবস্থাদি যথা: ফায়ার এক্সিট, ফোমিং কম্পাউন্ডসহ ফায়ার হাইড্রেন্ট, ইমারজেন্সি লাইট স্থাপন, ভূ-গর্ভস্থ বা ভূ-পৃষ্ঠস্থ জলাধারে সর্বদা পর্যাপ্ত পানি সংরক্ষণ ইত্যাদি ব্যবস্থাদি সার্বক্ষণিক কার্যকরী রাখতে হবে।

ড) কারখানায় কর্মরত শ্রমিকদেরকে কারখানার অভ্যন্তরে সার্বক্ষণিক উপযুক্ত মাস্ক, হ্যান্ডগ্লাভস, সেফটিগ্লাস, বুট, হেলমেট ব্যবহার করতে হবে। এ ছাড়া পেশাগত স্বাস্থ্য রক্ষার্থে সকল ব্যবস্থা সার্বক্ষণিক চালু রাখতে হবে।

ঢ) কারখানা চত্বরের ন্যূনতম ৩৩% জায়গা উপযুক্ত প্রজাতির ফলদ ও বনজ গাছ লাগিয়ে সবুজায়ন করতে হবে।

ণ) এই ছাড়পত্র ভূমির মালিকানা স্বত্ব নির্ধারণ করে না।

ত) বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ এবং তদধীন প্রণীত বিধিমালা এ প্রদত্ত ক্ষমতাবলে উপরিল্লিখিত শর্তসমূহ Enforce করা হবে।

(গ) ইআইএ-র কার্যপরিধি (ToR) অনুমোদন: সুপারিশকৃত শিল্প/ প্রকল্পসমূহ

১. **Widening & Improvement of Mongla-Joymonirghol GC-Chila GC-Boddhomari Bazar Road (Z-7713) under Roads & Highways Department** (শিল্প/প্রকল্প কার্যক্রম: রাস্তা প্রশস্তকরণ ও উন্নয়ন, দৈর্ঘ্য: ১৭.২৫০

কিলোমিটার): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র, ইআইএ-র কার্যপরিধি (ToR) ও অন্যান্য কাগজপত্র এবং সংশ্লিষ্ট কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। সভায় বিস্তারিত আলোচনার পর আলোচ্য প্রকল্পের ইআইএ-র কার্যপরিধি প্রয়োজনীয় সংশোধন সাপেক্ষে নীতিগতভাবে অনুমোদনের সুপারিশ গৃহীত হয়। বিষয়টি সদর দপ্তর থেকে উদ্যোক্তাকে পত্র দ্বারা অবহিত করতে হবে।

২. **মাথাভাঙ্গা বর্জ্য ব্যবস্থাপনা উন্নয়ন প্রকল্প; খুলনা সিটি কর্পোরেশন, মাথাভাঙ্গা, লবণচরা, খুলনা** (শিল্প/প্রকল্প কার্যক্রম: বর্জ্য ব্যবস্থাপনা উন্নয়ন ও বর্জ্য হতে জৈব সার লিকুইড বার্নিং অয়েল প্রস্তুত): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র, ৫১৯তম সভার ট/৬-এর আলোকে সংশোধিত ইআইএ-র কার্যপরিধি (ToR) ও অন্যান্য কাগজপত্র সভায় পর্যালোচনা করা হয়। সভায় বিস্তারিত আলোচনার পর আলোচ্য প্রকল্পের ইআইএ-র কার্যপরিধি প্রয়োজনীয় সংশোধন সাপেক্ষে নীতিগতভাবে অনুমোদনের সুপারিশ গৃহীত হয়। বিষয়টি সদর দপ্তর থেকে উদ্যোক্তাকে পত্র দ্বারা অবহিত করতে হবে।

ঘ) অবস্থানগত ছাড়পত্র: সুপারিশকৃত শিল্প ও প্রকল্পসমূহ (লাল শ্রেণি)

১. **কিশোরগঞ্জ ইকোনমিক জোন লি:, মাইজহাটি, পাকুন্দিয়া, কিশোরগঞ্জ** (শিল্প/প্রকল্প কার্যক্রম: অর্থনৈতিক অঞ্চল নির্মাণ): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র, ইআইএ প্রতিবেদন সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, পরিবেশ সংরক্ষণ বিধিমালা ২০২৩ অনুযায়ী শুধুমাত্র ইআইএ নবায়নের সুযোগ না থাকায় সদর দপ্তর কর্তৃক গত ২৭/০৩/২০১৮ তারিখে ২২.০২.৪৮০০.১৩৯.৭২.০১০.১৭.১৪২ সংখ্যক স্মারকে ইআইএ প্রতিবেদন অনুমোদনের পরিপ্রেক্ষিতে আলোচ্য প্রকল্পের অনুকূলে সদর দপ্তর থেকে উপযুক্ত শর্তারোপ অবস্থানগত ছাড়পত্র জারীর সুপারিশ গৃহীত হয়।

ঙ) অবস্থানগত ছাড়পত্র: সুপারিশকৃত শিল্প ও প্রকল্পসমূহ (কমলা শ্রেণি)

১. **প্রতীক ফাইন সিরামিকস লিমিটেড; ডাউটিয়া, কালামপুর, ধামরাই, সাভার, ঢাকা** (শিল্প/প্রকল্প কার্যক্রম: পোরসেলিন টেবলওয়্যার উৎপাদন): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপপত্র, ইএমপি চেকলিস্ট, পরিদর্শন প্রতিবেদন এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে আলোচ্য প্রকল্পের অনুকূলে ঢাকা জেলা কার্যালয় কর্তৃক নিম্নবর্ণিত শর্তে অবস্থানগত ছাড়পত্র জারীর সুপারিশ গৃহীত হয়:

ক) এ অবস্থানগত ছাড়পত্র কারখানাটিতে দৈনিক ৪০০ কেজি সিরামিক্স ট্যাবলওয়্যার প্রস্তুতকারী **বিদ্যমান** কারখানা স্থানান্তরের জন্য প্রযোজ্য হবে। বিদ্যমান কারখানাটি আগামী ১(এক) বছরের মধ্যে পরিবেশ অধিদপ্তরে দাখিলকৃত লেআউট প্ল্যানে চিহ্নিত জায়গায় স্থানান্তর করতে হবে।

খ) অবকাঠামোগত উন্নয়নের আওতায় অন্যান্য বিষয়ের মধ্যে আইইই প্রতিবেদনে বর্ণিত সকল মিটিগেশন মেজার্স যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে।

গ) কারখানাটির দক্ষিণদিকে বিদ্যমান শিক্ষা প্রতিষ্ঠান থেকে কমপক্ষে ১০০ মিটার দূরে কারখানার অবকাঠামো নির্মাণ কাজ করতে হবে। কোনোক্রমেই উক্ত দূরত্বের অভ্যন্তরে কারখানার কোনো অবকাঠামো নির্মাণ করা যাবে না।

ঘ) বিদ্যমান শিক্ষা প্রতিষ্ঠান ও কারখানার মধ্যবর্তী বাফার এলাকায় গাছ লাগিয়ে সবুজায়ন করতে হবে।

ঙ) উৎপাদনকালে সৃষ্ট তরল বর্জ্য পরিশোধনের জন্য অত্র কার্যালয়ে দাখিলকৃত ড্রইং, ডিজাইন অনুযায়ী ২০ ঘনমিটার/ঘণ্টা ক্ষমতাসম্পন্ন ETP নির্মাণ সম্পন্ন করতে হবে।

চ) কারখানার তরল বর্জ্য নির্গমণের ইনলেট ও আউটলেট পয়েন্টে ফ্লো মেজারিং ডিভাইস স্থাপন করতে হবে এবং ফ্লো-ড্যাটা রেকর্ড সংরক্ষণ করতে হবে।

ছ) ETP'র স্ল্যাজ ব্যবস্থাপনার লক্ষ্যে Bangladesh Standard and Guidelines for Sludge Management অনুসারে Sludge Management Plan প্রণয়ন করতে হবে এবং পরিবেশগত ছাড়পত্রের আবেদনের সাথে অনুমোদনের জন্য পরিবেশ অধিদপ্তরে দাখিল করতে হবে।

জ) কারখানার পরিবেশগত ব্যবস্থাপনার জন্য যথাযথ ডিগ্রিধারী প্রশিক্ষিত জনবল নিয়োগ করতে হবে। কারখানার ইটিপি পরিচালনার লক্ষ্যে প্রতিটি শিফটের জন্য অপারেটর এবং ETP Performance মনিটরিং-এর জন্য প্রয়োজনীয় যন্ত্রপাতিসহ কারখানায় নিজস্ব গবেষণাগার স্থাপনপূর্বক দক্ষ জনবল নিয়োগ করতে হবে।

ঝ) পেশাগত স্বাস্থ্য রক্ষার্থে সকল ব্যবস্থা সার্বক্ষণিক চালু রাখতে হবে। কর্মরত শ্রমিকদের পেশাগত স্বাস্থ্য সুরক্ষার জন্য ব্যক্তিগত সুরক্ষাসামগ্রী (যেমন: হেলমেট, মাস্ক, ইয়ার মাফলার, বুট) পরিধান করতে হবে।

ঞ) কারখানার শব্দ এবং বায়বীয় বর্জ্যের নিঃসরণ মাত্রা যথাক্রমে শব্দ দূষণ (নিয়ন্ত্রণ) বিধিমালা-২০০৬ এবং পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ২০২৩-এ বর্ণিত মানমাত্রার মধ্যে হতে হবে।

ট) এই ছাড়পত্রে বর্ণিত পরিবেশগত ব্যবস্থাপনাসহ আইইই চেকলিস্টে বর্ণিত সকল মিটিগেশন মেজারস বাস্তবায়ন করে পরিবেশগত ছাড়পত্রের জন্য আবেদন দাখিল করতে হবে। পরিবেশগত ছাড়পত্র ব্যতীত কারখানার উৎপাদন কার্যক্রম শুরু করা যাবে না।

ঠ) এই ছাড়পত্র ভূমির মালিকানা স্বত্ব নির্ধারণ করে না।

ড) বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ এবং তদধীন প্রণীত বিধিমালা এ প্রদত্ত ক্ষমতাবলে উপরিল্লিখিত শর্তসমূহ Enforce করা হবে।

২. **কর্ণফুলী লিংকস লিমিটেড; ২০৫, লক্ষণখোলা, বন্দর, নারায়ণগঞ্জ** (শিল্প/প্রকল্প কার্যক্রম: প্লাস্টিক পাইরোলাইসিস প্রক্রিয়ায় ডিজেল, কার্বন পাওডার, স্টিল ওয়্যার, কোক ও সীনগ্যাস উৎপাদন): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদন, পরিবর্তিত অবস্থানের লোকেশন ম্যাপ, আইইই চেকলিস্ট এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, আলোচ্য প্রকল্পের অনুকূলে নারায়ণগঞ্জ জেলা কার্যালয় থেকে নিম্নবর্ণিত শর্তে অবস্থানগত ছাড়পত্র জারীর সুপারিশ গৃহীত হয়:

ক) এ ছাড়পত্র ব্যবহৃত প্লাস্টিক হতে জ্বালানি তেল, কার্বন পাওডার, স্টিল ওয়্যার, কোক ও সীনগ্যাস উৎপাদনের লক্ষ্যে পাইরোলাইসিস প্ল্যান্ট স্থাপনের জন্য প্রযোজ্য হবে।

খ) অবকাঠামোগত উন্নয়নের আওতায় অন্যান্য বিষয়ে মধ্যে আইইই চেকলিস্টে বর্ণিত সকল মিটিগেশন মেজারস যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে;

গ) কারখানাটির উত্তর ও পূর্বদিকে শিক্ষা প্রতিষ্ঠান ও ঘরবাড়ি থেকে কমপক্ষে ১০০ মিটার বাফার দূরত্ব বজায় রেখে কারখানার অবকাঠামো নির্মাণ কাজ করতে হবে। কোনোক্রমেই উক্ত দূরত্বের অভ্যন্তরে কারখানার কোনো অবকাঠামো নির্মাণ করা যাবে না। উক্ত বাফার দূরত্বের মধ্যবর্তী এলাকায় গাছ লাগিয়ে সবুজায়ন করতে হবে।

ঘ) রিয়্যাক্টরে প্রাথমিক তাপের জন্য কাঠ ব্যবহার করা যাবে না। পাইরোগ্যাস অথবা তরল জ্বালানী ব্যবহার করতে হবে এবং অতিরিক্ত পাইরোগ্যাস পরবর্তীতে ব্যবহারের জন্য সংরক্ষণ ব্যবস্থা গড়ে তুলতে হবে।

ঙ) রিয়্যাক্টর হতে সৃষ্ট ধোঁয়া/উষ্ণ গ্যাস পরিশোধন ব্যবস্থা এবং নিঃসরণের জন্য ন্যূনতম ৩০ মিটার উচ্চতার চিমনি স্থাপন করতে হবে।

চ) রিয়্যাক্টরের অভ্যন্তরে অতিরিক্ত তাপ ও চাপ নিয়ন্ত্রণের জন্য Auto shut down valve এর ব্যবস্থা অথবা Programme Logic Controller (PLC) ইউনিট স্থাপন করতে হবে।

ছ) Fugitive Emission রোধের জন্য রিয়্যাক্টরের যথাযথ Sealing নিশ্চিত করতে হবে।

জ) রিয়্যাক্টর হতে Steel wire/scrap এবং Black Carbon (Char) অপসারণকালে রিয়্যাক্টরের Feeding door-এ ব্যাগ ফিল্টারযুক্ত Suction hood/ Industrial dust collector স্থাপন করতে হবে।

ঝ) যান্ত্রিক পদ্ধতিতে রিয়্যাক্টর হতে Black Carbon (Char) সংগ্রহপূর্বক স্বয়ংক্রিয়ভাবে পুরু প্লাস্টিকের ব্যাগে সিলিং করার ব্যবস্থা গড়ে তুলতে হবে।

ঞ) কারখানার অভ্যন্তরে Fugitive emission প্রতিরোধে সার্বক্ষণিক পানি ছিটানোর ব্যবস্থা রাখতে হবে।

ট) কারখানার উৎপাদন প্রক্রিয়ায় বিভিন্ন ইউনিট হতে সৃষ্ট তরল বর্জ্যের নির্গমণ ও গ্যাসীয় নিঃসরণ এবং বস্তুকনার নিঃসরণ নির্গমন যথাক্রমে পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ২০২৩ ও বায়ুদূষণ (নিয়ন্ত্রণ) বিধিমালা, ২০২২-এ উল্লিখিত মানমাত্রার মধ্যে হতে হবে। যে কোনো সময় তাৎক্ষণিক সংগৃহীত নমুনায় এই মানমাত্রা অতিক্রম হতে পারবে না। কোনো সময় দূষণ নিয়ন্ত্রণ ব্যবস্থা অকার্যকর হলে সাথে সাথে সংশ্লিষ্ট ইউনিট বন্ধ করতে হবে। দূষণ নিয়ন্ত্রণ ব্যবস্থা কার্যকর করে বিধিবদ্ধ মানমাত্রা নিশ্চিতকরণ সাপেক্ষে বন্ধ ইউনিট পুনরায় চালু করা হবে।

ঠ) পেশাগত স্বাস্থ্য রক্ষার্থে সকল ব্যবস্থা সার্বক্ষণিক চালু রাখতে হবে। কর্মরত শ্রমিকদের পেশাগত স্বাস্থ্য সুরক্ষার জন্য ব্যক্তিগত সুরক্ষাসামগ্রী (যেমন: হেলমেট, মাস্ক, ইয়ার মাফলার, বুট) পরিধান করতে হবে।

ড) কারখানা চত্বরে উপযুক্ত প্রজাতির ফলদ ও বনজ গাছ লাগিয়ে সবুজায়ন করতে হবে।

ঢ) কারখানার শব্দ এবং বায়বীয় বর্জ্যের নিঃসরণ মাত্রা যথাক্রমে শব্দ দূষণ (নিয়ন্ত্রণ) বিধিমালা, ২০০৬ এবং বায়ু দূষণ (নিয়ন্ত্রণ) বিধিমালা, ২০২২-এ বর্ণিত মানমাত্রার মধ্যে থাকতে হবে।

ণ) এই ছাড়পত্রে বর্ণিত পরিবেশগত ব্যবস্থাপনাসহ আইইই চেকলিস্টে বর্ণিত সকল মিটিগেশন মেজারস বাস্তবায়ন করে পরিবেশগত ছাড়পত্রের জন্য আবেদন দাখিল করতে হবে।

ত) পরিবেশগত ছাড়পত্র ব্যতীত কারখানার উৎপাদন কার্যক্রম শুরু করা যাবে না।

থ) এই ছাড়পত্র ভূমির মালিকানা স্বত্ব নির্ধারণ করে না।

দ) বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ এবং তদধীন প্রণীত বিধিমালা এ প্রদত্ত ক্ষমতাবলে উপরিল্লিখিত শর্তসমূহ Enforce করা হবে।

(চ) অবস্থানগত/পরিবেশগত ছাড়পত্র নবায়ন অনুমোদন: সুপারিশকৃত শিল্প/ প্রকল্পসমূহ

১. **Transmission Infrastructure Development Project for Southern Area of Chattogrm Division & Bangabandhu Hi-Tech City at Kaliakoir Project by PGB PLC** (শিল্প/প্রকল্প কার্যক্রম: বৈদ্যুতিক সঞ্চালন লাইন ও গ্রিড উপকেন্দ্র নির্মাণ) উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র এবং অন্যান্য কাগজপত্র সভায় পর্যালোচনা করা হয়। সভায় বিস্তারিত আলোচনার পর আলোচ্য প্রকল্পের অনুকূলে সদর দপ্তর থেকে গত ০৫/০৫/২০২১ তারিখের 22.02.0000.018.72.033.21.91 সংখ্যক স্মারকের মাধ্যমে জারীকৃত পরিবেশগত ছাড়পত্রে প্রদত্ত শর্তসমূহ অপরিবর্তিত রেখে পরবর্তী মেয়াদের জন্য পরিবেশগত ছাড়পত্র নবায়নের সুপারিশ গৃহীত হয়।

২. **SASEC Road Connectivity Project-2: Improvement of Elenga-Hatikamrul-Rangpur Road to a 4-Lane Highway by Roads & Highway Department** (শিল্প/প্রকল্প কার্যক্রম: মহাসড়ক উন্নতিকরণ) উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র এবং অন্যান্য কাগজপত্র সভায় পর্যালোচনা করা হয়। সভায় বিস্তারিত আলোচনার পর আলোচ্য প্রকল্পের

অনুকূলে সদর দপ্তর থেকে গত ১৪/০২/২০১৮ তারিখের DoE/Clearance/5195/2013/82 সংখ্যক স্মারকের মাধ্যমে জারীকৃত পরিবেশগত ছাড়পত্রে প্রদত্ত শর্তসমূহ অপরিবর্তিত রেখে পরবর্তী মেয়াদের জন্য পরিবেশগত ছাড়পত্র নবায়নের সুপারিশ গৃহীত হয়।

৩. **Enhancement & Strengthening of Power Network in Eastern Region Project under PGB PLC** (শিল্প/প্রকল্প কার্যক্রম: বৈদ্যুতিক সঞ্চালন লাইন ও গ্রিড উপকেন্দ্র নির্মাণ) উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র এবং অন্যান্য কাগজপত্র সভায় পর্যালোচনা করা হয়। সভায় বিস্তারিত আলোচনার পর আলোচ্য প্রকল্পের অনুকূলে সদর দপ্তর থেকে গত ২৪/০৩/২০১৯ তারিখের 22.02.0000.018.72.22.19.128 সংখ্যক স্মারকের মাধ্যমে জারীকৃত পরিবেশগত ছাড়পত্রে প্রদত্ত শর্তসমূহ অপরিবর্তিত রেখে পরবর্তী মেয়াদের জন্য পরিবেশগত ছাড়পত্র নবায়নের সুপারিশ গৃহীত হয়।

(ছ) ইটিপি/ এসটিপি/ সিইটিপি নির্মাণ অনুমোদন: সুপারিশকৃত শিল্প/ প্রকল্পসমূহ

১. **শোভা পাওয়ার; বাসাইল, ধামরাই, ঢাকা** (শিল্প/প্রকল্প কার্যক্রম: ব্যাটারি রিসাইক্লিং, লেডবার ও ব্যাটারি প্রস্তুত): ৫২২ তম সভার সিদ্ধান্তের আলোকে উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র, এটিপি ও ইটিপি'র ডিজাইন, ক্যালকুলেশন এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের পরিদর্শন প্রতিবেদন সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে আলোচ্য প্রকল্পের অনুকূলে ঢাকা জেলা কার্যালয় কর্তৃক নিম্নবর্ণিত শর্তে এটিপি ও ইটিপি'র নির্মাণ সুপারিশ গৃহীত হয়:

(ক) পরিবেশ অধিদপ্তরে দাখিলকৃত ডিজাইন মোতাবেক কারখানার তরলবর্জ্য পরিশোধনের জন্য ১.৫ ঘনমিটার/ঘন্টা ক্ষমতাসম্পন্ন ইটিপি এবং বায়ুদূষণ নিয়ন্ত্রণে এটিপি নির্মাণ করতে হবে।

(খ) Sound Engineering Practice অনুসরণ করে এটিপি ও ইটিপি নির্মাণ করতে হবে।

(গ) ইটিপি'র ইনলেট ও আউটলেটে Flow meter স্থাপন করতে হবে।

(ঘ) এটিপি ও ইটিপি'র কার্যকারিতা পরিবীক্ষণে কারখানাটিতে ল্যাব স্থাপন ও পরিচালনার জন্য প্রশিক্ষিত জনবল নিয়োগ করতে হবে।

(ঙ) আগামী ১ (এক) মাসের মধ্যে Bangladesh Standard & Guidelines for Sludge Management Plan অনুসারে স্লাজ ব্যবস্থাপনা পরিকল্পনা দাখিল করতে হবে।

২. **এসেনশিয়াল ক্লোথিং লিমিটেড; আকুলিচালা, সাকাশ্বর, কালিয়াকৈর, গাজীপুর** (শিল্প/প্রকল্প কার্যক্রম: স্ক্রিন প্রিন্টিং): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র, এসটিপি'র ডিজাইন, ক্যালকুলেশন এবং সংশ্লিষ্ট কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে আলোচ্য প্রকল্পের অনুকূলে গাজীপুর জেলা কার্যালয় কর্তৃক নিম্নবর্ণিত শর্তে এসটিপি'র নির্মাণ সুপারিশ গৃহীত হয়:

(ক) পরিবেশ অধিদপ্তরে দাখিলকৃত ডিজাইন মোতাবেক কারখানার পয়োবর্জ্য পরিশোধনের জন্য ৩ ঘনমিটার/ঘন্টা ক্ষমতাসম্পন্ন এসটিপি নির্মাণ করতে হবে।

(খ) Sound Engineering Practice অনুসরণ করে এসটিপি নির্মাণ করতে হবে।

(গ) এসটিপি'র ইনলেট ও আউটলেটে Flow meter স্থাপন করতে হবে।

(ঘ) এসটিপি'র কার্যকারিতা পরিবীক্ষণে কারখানাটিতে ল্যাব স্থাপন ও পরিচালনার জন্য প্রশিক্ষিত জনবল নিয়োগ করতে হবে।

(ঙ) আগামী ১ (এক) মাসের মধ্যে Bangladesh Standard & Guidelines for Sludge Management Plan অনুসারে স্লাজ ব্যবস্থাপনা পরিকল্পনা দাখিল করতে হবে।

৩. **এস কিউ সেলসিয়াস লিমিটেড; বেড়াইদেরচালা, মাওনা, শ্রীপুর, গাজীপুর** (শিল্প/প্রকল্প কার্যক্রম: সোয়েটার প্রস্তুত ও ওয়াশিং): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র, এসটিপি+ইটিপি'র ডিজাইন, ক্যালকুলেশন এবং সংশ্লিষ্ট কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে আলোচ্য প্রকল্পের অনুকূলে গাজীপুর জেলা কার্যালয় কর্তৃক নিম্নবর্ণিত শর্তে এসটিপি'র নির্মাণ সুপারিশ গৃহীত হয়:

(ক) পরিবেশ অধিদপ্তরে দাখিলকৃত ডিজাইন মোতাবেক কারখানার পয়োবর্জ্য ও সোয়েটার ওয়াশিং এর ফলে সৃষ্ট তরল বর্জ্য সম্মিলিতভাবে পরিশোধনের জন্য ১৫ ঘনমিটার/ঘন্টা ক্ষমতাসম্পন্ন এসটিপি নির্মাণ করতে হবে।

(খ) Sound Engineering Practice অনুসরণ করে এসটিপি নির্মাণ করতে হবে।

(গ) এসটিপি'র ইনলেট ও আউটলেটে Flow meter স্থাপন করতে হবে।

(ঘ) এসটিপি'র কার্যকারিতা পরিবীক্ষণে কারখানাটিতে ল্যাব স্থাপন ও পরিচালনার জন্য প্রশিক্ষিত জনবল নিয়োগ করতে হবে।

(ঙ) আগামী ১ (এক) মাসের মধ্যে Bangladesh Standard & Guidelines for Sludge Management Plan অনুসারে স্লাজ ব্যবস্থাপনা পরিকল্পনা দাখিল করতে হবে।

৪. **রাতুল এ্যাপারেলস লিমিটেড; আনসার রোড, ভাংনাহাটি, শ্রীপুর, গাজীপুর** (শিল্প/প্রকল্প কার্যক্রম: স্ক্রিন প্রিন্টিং): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র, এসটিপি'র ডিজাইন, ক্যালকুলেশন এবং সংশ্লিষ্ট কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে আলোচ্য প্রকল্পের অনুকূলে গাজীপুর জেলা কার্যালয় কর্তৃক নিম্নবর্ণিত শর্তে এসটিপি'র নির্মাণ সুপারিশ গৃহীত হয়:

(ক) পরিবেশ অধিদপ্তরে দাখিলকৃত ডিজাইন মোতাবেক কারখানার পয়োবর্জ্য পরিশোধনের জন্য ৩ ঘনমিটার/ঘন্টা ক্ষমতাসম্পন্ন এসটিপি নির্মাণ করতে হবে।

(খ) Sound Engineering Practice অনুসরণ করে এসটিপি নির্মাণ করতে হবে।

(গ) এসটিপি'র ইনলেট ও আউটলেটে Flow meter স্থাপন করতে হবে।
(ঘ) এসটিপি'র কার্যকারিতা পরিবীক্ষণে কারখানাটিতে ল্যাব স্থাপন ও পরিচালনার জন্য প্রশিক্ষিত জনবল নিয়োগ করতে হবে।
(ঙ) আগামী ১ (এক) মাসের মধ্যে Bangladesh Standard & Guidelines for Sludge Management Plan অনুসারে স্লাজ ব্যবস্থাপনা পরিকল্পনা দাখিল করতে হবে।

(জ) জিরো ডিসচার্জ প্লান অনুমোদন: সুপারিশকৃত শিল্প/ প্রকল্পসমূহ

১. **এফ কে এন প্রিন্টিং মিলস লিমিটেড; ২/২, খলিতাখালী, কর্ণপাড়া, সাভার, ঢাকা** (শিল্প/প্রকল্প কার্যক্রম: ফেব্রিক্স ডাইং, প্রিন্টিং ও ফিনিশিং): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র, জিরো ডিসচার্জ প্ল্যান এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, ঢাকা জেলা কার্যালয় কর্তৃক নিম্নবর্ণিত বিশেষ শর্তে জিরো ডিসচার্জ প্ল্যান অনুমোদনের জন্য সভায় সুপারিশ গৃহীত হয়:
(ক) দাখিলকৃত জিরো ডিসচার্জ প্লানে উল্লিখিত সময়সীমার মধ্যে কার্যক্রমসমূহ বাস্তবায়ন করতে হবে;
(খ) প্রতিবছর ছাড়পত্র নবায়নকালে মূল ছাড়পত্রে উল্লিখিত শর্তসমূহ বাস্তবায়নের পাশাপাশি উক্ত সময়ে জিরো ডিসচার্জ ও 3R প্ল্যানে উল্লিখিত কার্যক্রম বাস্তবায়ন করা হয়েছে কী না তা নিশ্চিত হয়ে সংশ্লিষ্ট জেলা/অঞ্চল কার্যালয় পরবর্তী বছরের জন্য ছাড়পত্র নবায়ন করতে হবে;
(গ) দাখিলকৃত জিরো ডিসচার্জ প্ল্যানে যে কোনো ধরনের পরিবর্তনের ক্ষেত্রে পরিবেশ অধিদপ্তরের পূর্বানুমতি প্রয়োজন।

২. **ফাইভ ওশেন ওয়াশিং ইন্ডাস্ট্রিজ লিমিটেড; সি ২৩/২, চান্দনা, চৌরাস্তা, সদর, গাজীপুর** (শিল্প/প্রকল্প কার্যক্রম: রেডিমেইড গার্মেন্টস ওয়াশিং): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র, জিরো ডিসচার্জ প্ল্যান এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, গাজীপুর জেলা কার্যালয় কর্তৃক নিম্নবর্ণিত বিশেষ শর্তে জিরো ডিসচার্জ প্ল্যান অনুমোদনের জন্য সভায় সুপারিশ গৃহীত হয়:
(ক) দাখিলকৃত জিরো ডিসচার্জ প্লানে উল্লিখিত সময়সীমার মধ্যে কার্যক্রমসমূহ বাস্তবায়ন করতে হবে;
(খ) প্রতিবছর ছাড়পত্র নবায়নকালে মূল ছাড়পত্রে উল্লিখিত শর্তসমূহ বাস্তবায়নের পাশাপাশি উক্ত সময়ে জিরো ডিসচার্জ ও 3R প্ল্যানে উল্লিখিত কার্যক্রম বাস্তবায়ন করা হয়েছে কী না তা নিশ্চিত হয়ে সংশ্লিষ্ট জেলা/অঞ্চল কার্যালয় পরবর্তী বছরের জন্য ছাড়পত্র নবায়ন করতে হবে;
(গ) দাখিলকৃত জিরো ডিসচার্জ প্ল্যানে যে কোনো ধরনের পরিবর্তনের ক্ষেত্রে পরিবেশ অধিদপ্তরের পূর্বানুমতি প্রয়োজন।

৩. **মেসার্স রাব্বানী ওয়াশিং; ১৪৪, মিরাশপাড়া, টঙ্গী, গাজীপুর** (শিল্প/প্রকল্প কার্যক্রম: রেডিমেইড গার্মেন্টস ওয়াশিং): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র, জিরো ডিসচার্জ প্ল্যান এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, গাজীপুর জেলা কার্যালয় কর্তৃক নিম্নবর্ণিত বিশেষ শর্তে জিরো ডিসচার্জ প্ল্যান অনুমোদনের জন্য সভায় সুপারিশ গৃহীত হয়:
(ক) দাখিলকৃত জিরো ডিসচার্জ প্লানে উল্লিখিত সময়সীমার মধ্যে কার্যক্রমসমূহ বাস্তবায়ন করতে হবে;
(খ) প্রতিবছর ছাড়পত্র নবায়নকালে মূল ছাড়পত্রে উল্লিখিত শর্তসমূহ বাস্তবায়নের পাশাপাশি উক্ত সময়ে জিরো ডিসচার্জ ও 3R প্ল্যানে উল্লিখিত কার্যক্রম বাস্তবায়ন করা হয়েছে কী না তা নিশ্চিত হয়ে সংশ্লিষ্ট জেলা/অঞ্চল কার্যালয় পরবর্তী বছরের জন্য ছাড়পত্র নবায়ন করতে হবে;
(গ) দাখিলকৃত জিরো ডিসচার্জ প্ল্যানে যে কোনো ধরনের পরিবর্তনের ক্ষেত্রে পরিবেশ অধিদপ্তরের পূর্বানুমতি প্রয়োজন।

৪. **মেসার্স অঙ্গশ্রী ডাইং, প্রিন্টিং, ফিনিশিং এন্ড ক্যালেন্ডারিং মিলস; ভগীরথপুর, নওপাড়া, মাধবদী, নরসিংদী** (শিল্প/প্রকল্প কার্যক্রম: কাপড় ডাইং, প্রিন্টিং, ফিনিশিং এন্ড ক্যালেন্ডারিং): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র, জিরো ডিসচার্জ প্ল্যান এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, নরসিংদী জেলা কার্যালয় কর্তৃক নিম্নবর্ণিত বিশেষ শর্তে জিরো ডিসচার্জ প্ল্যান অনুমোদনের জন্য সভায় সুপারিশ গৃহীত হয়:
(ক) দাখিলকৃত জিরো ডিসচার্জ প্লানে উল্লিখিত সময়সীমার মধ্যে কার্যক্রমসমূহ বাস্তবায়ন করতে হবে;
(খ) প্রতিবছর ছাড়পত্র নবায়নকালে মূল ছাড়পত্রে উল্লিখিত শর্তসমূহ বাস্তবায়নের পাশাপাশি উক্ত সময়ে জিরো ডিসচার্জ ও 3R প্ল্যানে উল্লিখিত কার্যক্রম বাস্তবায়ন করা হয়েছে কী না তা নিশ্চিত হয়ে সংশ্লিষ্ট জেলা/অঞ্চল কার্যালয় পরবর্তী বছরের জন্য ছাড়পত্র নবায়ন করতে হবে;
(গ) দাখিলকৃত জিরো ডিসচার্জ প্ল্যানে যে কোনো ধরনের পরিবর্তনের ক্ষেত্রে পরিবেশ অধিদপ্তরের পূর্বানুমতি প্রয়োজন।

৫. **রোজ সোয়েটার্স লিমিটেড (ইউনিট-২); ভোগড়া বাইপাস বিশ্বরোড, জয়দেবপুর, গাজীপুর** (শিল্প/প্রকল্প কার্যক্রম: সোয়েটার প্রস্তুত ও ওয়াশিং): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র, জিরো ডিসচার্জ প্ল্যান এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, গাজীপুর জেলা কার্যালয় কর্তৃক নিম্নবর্ণিত বিশেষ শর্তে জিরো ডিসচার্জ প্ল্যান অনুমোদনের জন্য সভায় সুপারিশ গৃহীত হয়:
(ক) দাখিলকৃত জিরো ডিসচার্জ প্লানে উল্লিখিত সময়সীমার মধ্যে কার্যক্রমসমূহ বাস্তবায়ন করতে হবে;

(খ) প্রতিবছর ছাড়পত্র নবায়নকালে মূল ছাড়পত্রে উল্লিখিত শর্তসমূহ বাস্তবায়নের পাশাপাশি উক্ত সময়ে জিরো ডিসচার্জ ও 3R প্ল্যানে উল্লিখিত কার্যক্রম বাস্তবায়ন করা হয়েছে কী না তা নিশ্চিত হয়ে সংশ্লিষ্ট জেলা/অঞ্চল কার্যালয় পরবর্তী বছরের জন্য ছাড়পত্র নবায়ন করতে হবে;

(গ) দাখিলকৃত জিরো ডিসচার্জ প্ল্যানে যে কোনো ধরনের পরিবর্তনের ক্ষেত্রে পরিবেশ অধিদপ্তরের পূর্বানুমতি প্রয়োজন।

৬. **নেট জিরো ডেনিম ড্রাইভ; জয়নাবাড়ী, জোড়পুল, হেমায়েতপুর, সাভার, ঢাকা** (শিল্প/প্রকল্প কার্যক্রম: ডেনিম ওয়াশিং ও টিনটিন ডাইং): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র, জিরো ডিসচার্জ প্ল্যান এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, ঢাকা জেলা কার্যালয় কর্তৃক নিম্নবর্ণিত বিশেষ শর্তে জিরো ডিসচার্জ প্ল্যান অনুমোদনের জন্য সভায় সুপারিশ গৃহীত হয়:

(ক) দাখিলকৃত জিরো ডিসচার্জ প্লানে উল্লিখিত সময়সীমার মধ্যে কার্যক্রমসমূহ বাস্তবায়ন করতে হবে;

(খ) প্রতিবছর ছাড়পত্র নবায়নকালে মূল ছাড়পত্রে উল্লিখিত শর্তসমূহ বাস্তবায়নের পাশাপাশি উক্ত সময়ে জিরো ডিসচার্জ ও 3R প্ল্যানে উল্লিখিত কার্যক্রম বাস্তবায়ন করা হয়েছে কী না তা নিশ্চিত হয়ে সংশ্লিষ্ট জেলা/অঞ্চল কার্যালয় পরবর্তী বছরের জন্য ছাড়পত্র নবায়ন করতে হবে;

(গ) দাখিলকৃত জিরো ডিসচার্জ প্ল্যানে যে কোনো ধরনের পরিবর্তনের ক্ষেত্রে পরিবেশ অধিদপ্তরের পূর্বানুমতি প্রয়োজন।

৭. **আরন ডেনিম লিমিটেড; শুকরান, মির্জানগর, আশুলিয়া, সাভার, ঢাকা** (শিল্প/প্রকল্প কার্যক্রম: ডেনিম ওয়াশিং): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র, জিরো ডিসচার্জ প্ল্যান এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, ঢাকা জেলা কার্যালয় কর্তৃক নিম্নবর্ণিত বিশেষ শর্তে জিরো ডিসচার্জ প্ল্যান অনুমোদনের জন্য সভায় সুপারিশ গৃহীত হয়:

(ক) দাখিলকৃত জিরো ডিসচার্জ প্লানে উল্লিখিত সময়সীমার মধ্যে কার্যক্রমসমূহ বাস্তবায়ন করতে হবে;

(খ) প্রতিবছর ছাড়পত্র নবায়নকালে মূল ছাড়পত্রে উল্লিখিত শর্তসমূহ বাস্তবায়নের পাশাপাশি উক্ত সময়ে জিরো ডিসচার্জ ও 3R প্ল্যানে উল্লিখিত কার্যক্রম বাস্তবায়ন করা হয়েছে কী না তা নিশ্চিত হয়ে সংশ্লিষ্ট জেলা/অঞ্চল কার্যালয় পরবর্তী বছরের জন্য ছাড়পত্র নবায়ন করতে হবে;

(গ) দাখিলকৃত জিরো ডিসচার্জ প্ল্যানে যে কোনো ধরনের পরিবর্তনের ক্ষেত্রে পরিবেশ অধিদপ্তরের পূর্বানুমতি প্রয়োজন।

৮. **হামীম ডেনিম লিমিটেড; মাওনা, শ্রীপুর, গাজীপুর** (শিল্প/প্রকল্প কার্যক্রম: ফেব্রিক্স ডাইং ও ফিনিশিং): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র, জিরো ডিসচার্জ প্ল্যান এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, গাজীপুর জেলা কার্যালয় কর্তৃক নিম্নবর্ণিত বিশেষ শর্তে জিরো ডিসচার্জ প্ল্যান অনুমোদনের জন্য সভায় সুপারিশ গৃহীত হয়:

(ক) দাখিলকৃত জিরো ডিসচার্জ প্লানে উল্লিখিত সময়সীমার মধ্যে কার্যক্রমসমূহ বাস্তবায়ন করতে হবে;

(খ) প্রতিবছর ছাড়পত্র নবায়নকালে মূল ছাড়পত্রে উল্লিখিত শর্তসমূহ বাস্তবায়নের পাশাপাশি উক্ত সময়ে জিরো ডিসচার্জ ও 3R প্ল্যানে উল্লিখিত কার্যক্রম বাস্তবায়ন করা হয়েছে কী না তা নিশ্চিত হয়ে সংশ্লিষ্ট জেলা/অঞ্চল কার্যালয় পরবর্তী বছরের জন্য ছাড়পত্র নবায়ন করতে হবে;

(গ) দাখিলকৃত জিরো ডিসচার্জ প্ল্যানে যে কোনো ধরনের পরিবর্তনের ক্ষেত্রে পরিবেশ অধিদপ্তরের পূর্বানুমতি প্রয়োজন।

(ঝ) সুপারিশবিহীন শিল্প/ প্রকল্পসমূহ: পরিবেশগত ছাড়পত্র

১. **আশিয়ান হাসপাতাল লিমিটেড; বরুয়া, খিলক্ষেত, ঢাকা** (শিল্প/প্রকল্প কার্যক্রম: ৪০০ শয্যাবিশিষ্ট হাসপাতাল): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র, সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, আলোচ্য প্রকল্পের অনুকূলে নিম্নবর্ণিত তথ্য/ প্রস্তাবনা দাখিলের জন্য ঢাকা মহানগর কার্যালয় থেকে উদ্যোক্তা বরাবরে পত্র প্রেরণের সুপারিশ গৃহীত হয়:

ক) এসটিপি'র অবস্থান চিহ্নিতপূর্বক হাসপাতালের লে-আউট প্ল্যান দাখিল করতে হবে;

খ) এসটিপি'র ডিজাইন ক্যালকুলেশন দাখিল করতে হবে।

২. **আকিজ বিড়ি ফ্যাক্টরী লিমিটেড; সরকারপাড়া, ইটাখোলা, নীলফামারী সদর, নীলফামারী** (শিল্প/প্রকল্প কার্যক্রম: তামাক চূর্ণকরণ): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র, সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, পরিলক্ষিত হয় যে, কারখানার উৎপাদন প্রক্রিয়া Semi automatic যা আবদ্ধ নয় (Closed system) এবং একটি মাত্র অংশে ডাস্ট কালেকশন ব্যবস্থা রয়েছে। ফলে আলোচ্য কারখানার উৎপাদন প্রক্রিয়ার বিভিন্ন পর্যায়ে সৃষ্ট বায়ুদূষণ নিয়ন্ত্রণ ব্যবস্থা যথেষ্ট না হওয়ায় উদ্যোক্তার পরিবেশগত ছাড়পত্রের আবেদন **নামঞ্জুরের** সুপারিশ গৃহীত হয়। বিষয়টি জানিয়ে নীলফামারী জেলা কার্যালয় থেকে উদ্যোক্তা বরাবরে পত্র প্রেরণের সুপারিশ গৃহীত হয়।

৩. **ইয়ামিন ওয়াশিং প্লান্ট-২, আমতলা, কাঠগড়া, জিরাব, আশুলিয়া, সাভার, ঢাকা** (শিল্প/প্রকল্প কার্যক্রম: বিদ্যুৎ উৎপাদন): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র, সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনায় দেখা যায়, পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ২০২৩ এর ৬(২) ধারা লঙ্ঘনের দায়ে প্রতিষ্ঠানটির বিরুদ্ধে এনফোর্সমেন্ট কার্যক্রম পরিচালনার জন্য কারখানার সেবা সংযোগ বিচ্ছিন্ন করার নির্দেশনা দেওয়া হয়। পরবর্তীতে উদ্যোক্তা উক্ত আদেশের বিরুদ্ধে পরিবেশ, বন ও

জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ে আপিল করেন যা চলমান রয়েছে। পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ২০২৩ এর বিধি-৩০ এর উপবিধি (৪) অনুযায়ী, আপিল নিষ্পত্তি না হওয়া পর্যন্ত সংশ্লিষ্ট শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্পের অনুকূলে অবস্থানগত ছাড়পত্র বা পরিবেশগত ছাড়পত্র প্রদানের সুযোগ নেই বিধায় পরিবেশগত ছাড়পত্রের আবেদন **নামঞ্জুরের** সুপারিশ গৃহীত হয়। বিষয়টি জানিয়ে ঢাকা জেলা কার্যালয় থেকে উদ্যোক্তা বরাবর পত্র প্রেরণ করতে হবে।

৪. **তাজ ওয়াশিং প্লান্ট লিমিটেড; সি-১৪৫, বিসিক শিল্প এলাকা, টঙ্গী, গাজীপুর** (শিল্প/প্রকল্প কার্যক্রম: রেডিমেড গার্মেন্টস (টুইল, নিট, ডেনিম) ওয়াশিং ও ডাইং): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র, ইএমপি চেকলিস্ট, পরিদর্শন প্রতিবেদন এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, পরিবেশ অধিদপ্তর, সদর দপ্তরের পরিবেশগত ছাড়পত্র বিষয়ক কমিটি কর্তৃক কারখানাটি সরজমিন পরিদর্শনের সুপারিশ গৃহীত হয়।

৫. **মেসার্স নাছরিন অটোমোবাইল, চাঁনপুর, উত্তর কাউন্দিয়া মৌজা, আমিন বাজার, সাভার, ঢাকা** (শিল্প/প্রকল্প কার্যক্রম: বেজ অয়েল প্রস্তুত): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র, পরিদর্শন প্রতিবেদন সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, আলোচ্য প্রকল্পের অনুকূলে নিম্নবর্ণিত তথ্য/ প্রস্তাবনা দাখিলের জন্য ঢাকা জেলা কার্যালয় থেকে উদ্যোক্তা বরাবরে পত্র প্রেরণের সুপারিশ গৃহীত হয়:

(ক) কারখানার উৎপাদনকালে সৃষ্ট বায়ু দূষণ নিয়ন্ত্রণের জন্য Air Pollution Control system স্থাপন করতে হবে।

(খ) তরল বর্জ্য পরিশোধনের জন্য ইটিপি স্থাপন করতে হবে।

৬. **ইউনিহেলথ স্পেশালাইজড হাসপাতাল লিমিটেড; ৬৯/ডি, গ্রিন রোড, পান্থপথ,ধানমন্ডি, ঢাকা** (শিল্প/প্রকল্প কার্যক্রম: হাসপাতাল): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র, পরিদর্শন প্রতিবেদন সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনায় দেখা যায়, হাসপাতালের লে-আউট প্ল্যানে এসটিপি'র যে অবস্থান দেখানো হয়েছে তাতে দাখিলকৃত এসটিপি'র ডিজাইন অনুযায়ী জায়গার পরিমান পর্যাপ্ত নয়। পর্যালোচনান্তে, আলোচ্য প্রকল্পের অনুকূলে নিম্নবর্ণিত তথ্য/ প্রস্তাবনা দাখিলের জন্য সদর দপ্তর থেকে উদ্যোক্তা বরাবরে পত্র প্রেরণের সুপারিশ গৃহীত হয়:

(ক) এসটিপি'র অবস্থান এবং জায়গার পরিমান সংশোধনপূর্বক সংশোধিত লে-আউট প্ল্যান দাখিল করতে হবে;

(খ) ইটিপি'র সেকেন্ডারি ক্লারিফায়ার-এর Velocity reduction এর ব্যবস্থা এবং ইনলেট ও আউটলেটের ড্রইং, ডিজাইন দাখিল করতে হবে।

৭. **গণস্বাস্থ্য সমাজ ভিত্তিক মেডিকেল কলেজ হাসপাতাল, মির্জানগর, আশুলিয়া, সাভার, ঢাকা** (শিল্প/প্রকল্প কার্যক্রম: হাসপাতাল): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র, ইএমপি চেকলিস্ট, পরিদর্শন প্রতিবেদন এবং সংশ্লিষ্ট মহানগর কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, আলোচ্য হাসপাতালের অনুকূরে দাখিলকৃত ইটিপি'র ড্রইং, ডিজাইন ত্রুটিপূর্ণ হওয়ায় সংশোধিত ইটিপি'র ড্রইং, ডিজাইন, ক্যালকুলেশন দাখিলের সুপারিশ গৃহীত হয়। বিষয়টি জানিয়ে ঢাকা জেলা কার্যালয় থেকে উদ্যোক্তা বরাবরে পত্র প্রেরণ করতে হবে।

৮. **ন্যাশনাল হার্ট ফাউন্ডেশন হসপিটাল; পূর্ব শাহী ইদগাহ, সিলেট** (শিল্প/প্রকল্প কার্যক্রম: হাসপাতাল): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র, ইএমপি চেকলিস্ট, পরিদর্শন প্রতিবেদন এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, পরিবেশ সংরক্ষণ বিধিমালা ২০২৩-এর তফসিল-১২ অনুযায়ী এসটিপি'র ড্রইং, ডিজাইন, ক্যালকুলেশন দাখিলের সুপারিশ গৃহীত হয়। বিষয়টি জানিয়ে সিলেট জেলা কার্যালয় থেকে উদ্যোক্তা বরাবরে পত্র প্রেরণ করতে হবে।

৯. **সারাফ এগ্রো ফরমুলেশন, বিসিক শিল্প নগরী, সদর, ঝিনাইদহ** (শিল্প/প্রকল্প কার্যক্রম: দস্তা সার প্রস্তুত): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র, পরিদর্শন প্রতিবেদন এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, আলোচ্য প্রকল্পের সালফিউরিক অ্যাসিড Storage & Handling ব্যবস্থা অত্যন্ত ঝুঁকিপূর্ণ এবং অ্যাসিড ফিউম Collection ও উহার পরিশোধন প্রক্রিয়া পরিবেশসম্মত হিসেবে বিবেচিত না হওয়ায় উদ্যোক্তার অবস্থানগত ছাড়পত্রের আবেদন **নামঞ্জুরের** সুপারিশ গৃহীত হয়। বিষয়টি জানিয়ে ঝিনাইদহ জেলা কার্যালয় থেকে উদ্যোক্তা বরাবরে পত্র প্রেরণের মাধ্যমে অবহিত করবে।

১০. **জে এম আই ফার্মা লিমিটেড; রাজেন্দ্রপুর, চৌদ্দগ্রাম, কুমিল্লা** (শিল্প/প্রকল্প কার্যক্রম: ঔষুধ ফরমুলেশন): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র, ইএমপি প্রতিবেদন, পরিদর্শন প্রতিবেদন এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, আলোচ্য প্রকল্পের দাখিলকৃত তথ্যাদির উপর উদ্যোক্তা/তাঁর মনোনীত প্রতিনিধি কর্তৃক উপস্থাপনা প্রদানের সুপারিশ গৃহীত হয়। বিষয়টি জানিয়ে সদর দপ্তর থেকে উদ্যোক্তা বরাবরে পত্র প্রদানের সুপারিশ গৃহীত হয়।

১১. **বাটারফ্লাই ম্যানুফ্যাকচারিং কোম্পানি লিমিটেড; কাঠালি, ভালুকা, ময়মনসিংহ** (শিল্প/প্রকল্প কার্যক্রম: রেফ্রিজারেটর ও এয়ার কন্ডিশনার উৎপাদন): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র, পরিদর্শন প্রতিবেদন সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, আলোচ্য প্রকল্পের অনুকূলে নিম্নবর্ণিত তথ্য/ প্রস্তাবনা দাখিলের জন্য সদর দপ্তর থেকে উদ্যোক্তা বরাবরে পত্র প্রেরণের সুপারিশ গৃহীত হয়:

(ক) ইটিপি'র Coagulation, Flocculation and Settling Unit পৃথক করতে হবে এবং তার প্রমাণক দাখিল করতে হবে;

(খ) ইটিপি'র pH Correction Unit স্থাপন করতে হবে এবং তার প্রমাণক দাখিল করতে হবে।

১২. **ইমপ্যাক্ট জীবন তরী ফ্লোটিং হসপিটাল এন্ড ডায়াগনস্টিক সেন্টার** (শিল্প/প্রকল্প কার্যক্রম: ভাসমান হাসপাতাল ও ডায়াগনস্টিক সেন্টার): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র, সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, পর্যালোচনান্তে, আলোচ্য প্রকল্পের অনুকূলে নিম্নবর্ণিত তথ্য/ প্রস্তাবনা দাখিলের জন্য সদর দপ্তর থেকে উদ্যোক্তা বরাবরে পত্র প্রেরণের সুপারিশ গৃহীত হয়:

(ক) পরিবেশ সংরক্ষণ বিধিমালা ২০২৩-এর তফসিল-১১ অনুযায়ী পরিবেশগত ব্যবস্থাপনা পরিকল্পনা প্রতিবেদন;

(খ) হাসপাতালের লে-আউট প্ল্যান;

(গ) হাসপাতালের বর্জ্য ব্যবস্থাপনা।

১৩. **টি এন এস টায়ার ওয়েল; পূর্ব দলিরাম, কিশোরগঞ্জ, নীলফামারী** (শিল্প/প্রকল্প কার্যক্রম: গ্রীন অয়েল বা পাইরোলাইটিক অয়েল প্রস্তুত): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র, ইএমপি প্রতিবেদন, পরিদর্শন প্রতিবেদন এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, আলোচ্য প্রকল্পের দাখিলকৃত তথ্যাদির উপর উদ্যোক্তা/তাঁর মনোনীত প্রতিনিধি কর্তৃক উপস্থাপনা প্রদানের সুপারিশ গৃহীত হয়। বিষয়টি জানিয়ে সদর দপ্তর থেকে উদ্যোক্তা বরাবরে পত্র প্রদানের সুপারিশ গৃহীত হয়।

১৪. **মুন ফার্মাসিউটিক্যাল; প্লট নং এস ১২, ১৩, বিসিক শিল্প এলাকা, সদর, সাতক্ষীরা** (শিল্প/প্রকল্প কার্যক্রম: ভেটেরিনারী ঔষুধ ফরমুলেশন): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র, সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, পর্যালোচনান্তে, আলোচ্য প্রকল্পের অনুকূলে নিম্নবর্ণিত তথ্য/ প্রস্তাবনা দাখিলের জন্য সাতক্ষীরা জেলা কার্যালয় থেকে উদ্যোক্তা বরাবরে পত্র প্রেরণের সুপারিশ গৃহীত হয়:

(ক) পরিবেশ সংরক্ষণ বিধিমালা ২০২৩-এর তফসিল-১১ অনুযায়ী পরিবেশগত ব্যবস্থাপনা পরিকল্পনা প্রতিবেদন;

(খ) পরিবেশ সংরক্ষণ বিধিমালা ২০২৩-এর তফসিল-১২ অনুযায়ী ইটিপি'র ডিজাইন, ক্যালকুলেশন।

১৫. **মেসার্স হাফেজ মার্চরাইজিং এন্ড প্রসেস মিল; খুকনী, শাহজাদপুর, সিরাজগঞ্জ** (শিল্প/প্রকল্প কার্যক্রম: সুতা প্রসেস ও ওয়াশিং): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র, ইএমপি চেকলিস্ট, পরিদর্শন প্রতিবেদন এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, পরিবেশ অধিদপ্তর, সদর দপ্তরের পরিবেশগত ছাড়পত্র বিষয়ক কমিটি কর্তৃক কারখানাটি সরজমিন পরিদর্শনের সুপারিশ গৃহীত হয়।

১৬. **এম.এন.আর সোয়েটার্স লিমিটেড; বেড়াইদেরচালা, শ্রীপুর, গাজীপুর** (শিল্প/প্রকল্প কার্যক্রম: সোয়েটার প্রস্তুত ও ওয়াশিং): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র, সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, পর্যালোচনান্তে, পরিবেশ অধিদপ্তর, সদর দপ্তরের পরিবেশগত ছাড়পত্র বিষয়ক কমিটি কর্তৃক কারখানাটি সরজমিন পরিদর্শনের সুপারিশ গৃহীত হয়।

১৭. **আর আর পি ফার্মাসিউটক্যালস (অ্যানিমেল হেলথ ডিভিশন); সরাইকান্দি, দাশুরিয়া, ঈশ্বরদী, পাবনা** (শিল্প/প্রকল্প কার্যক্রম: ভেটিরিনারী ঔষুধ প্রস্তুত): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র, সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত এবং পরিবেশগত ছাড়পত্র কমিটির ৫২১ তম সভার কোয়ারির আলোকে উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত তথ্যাদি সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনায় দেখা যায়, ৫২১ তম সভায় আলোচ্য কারখানার অনুকূলে পরিবেশ সংরক্ষণ বিধিমালা ২০২৩-এর তফসিল-১২ অনুযায়ী ইটিপি'র ডিজাইন, ক্যালকুলেশন দাখিলে সিদ্ধান্ত গৃহীত হয়। কিন্তু উদ্যোক্তা উক্ত সিদ্ধান্তের আলোকে যথাযথ কাগজপত্র দাখিল করেনি। এমতাবস্থায় জবাব গ্রহণযোগ্য না হওয়ায় উদ্যোক্তার পরিবেশগত ছাড়পত্রের আবেদন নামঞ্জুরের সুপারিশ গৃহীত হয়। বিষয়টি জানিয়ে পাবনা জেলা কার্যালয় থেকে উদ্যোক্তা বরাবরে পত্র প্রেরণের সুপারিশ গৃহীত হয়। একইসাথে কাগজপত্রাদি যথাযথভাবে যাচাই না করে সদর দপ্তরে প্রেরণ করার জন্য পাবনা জেলা কার্যালয়ের সংশ্লিষ্ট কর্মকর্তাকে কারণ দর্শানোর নোটিশ প্রদানের সুপারিশ গৃহীত হয়।

১৮. **জাহাঙ্গীর স্টিল মিল লিমিটেড; জোন # ২এ, প্লট # ২১, বঙ্গবন্ধু শেখ মুজিব শিল্প নগর, মিরসরাই, চট্টগ্রাম** (শিল্প/প্রকল্প কার্যক্রম: সিআর কয়েল ও সিআর প্লেট প্রস্তুত): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র, সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত এবং পরিবেশগত ছাড়পত্র কমিটির ৫২৪ তম সভার কোয়ারির আলোকে উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত তথ্যাদি সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, আলোচ্য কারখানার অনুকূলে দাখিলকৃত তথ্যাদিতে নিম্নবর্ণিত অসঙ্গতি থাকায় উদ্যোক্তার পরিবেশগত ছাড়পত্রের আবেদন নামঞ্জুরের সুপারিশ গৃহীত হয়। বিষয়টি জানিয়ে চট্টগ্রাম জেলা কার্যালয় থেকে উদ্যোক্তা বরাবরে পত্র প্রেরণের সুপারিশ গৃহীত হয়:

(ক) পরিবেশ সংরক্ষণ বিধিমালা ২০২৩-এর তফসিল-১১ অনুযায়ী পরিবেশগত ব্যবস্থাপনা পরিকল্পনা প্রতিবেদন প্রণয়ন করা হয়নি। নির্বাহী সারসংক্ষেপ সঠিকভাবে প্রণীত হয়নি, সাধারন তথ্যাবলি নেই, প্রকল্পের বিবরণ ও প্রকল্পের অপশনসমূহ-তে প্রকল্পের অবস্থান ও পারিপার্শ্বিক এলাকা, প্রকল্প কার্যক্রম ও বাস্তবায়ন সময়সূচি, প্রকল্পের বিবরণ যথাযথভাবে নেই।

(খ) প্রকল্প এলাকার বিদ্যমান পরিবেশগত অবস্থা যথাযথভাবে প্রণীত হয়নি।

(গ) পরিবেশগত প্রভাব পূর্বানুমান ও মূল্যায়ন, প্রশসনমূলক ব্যবস্থা যথাযথভাবে প্রণীত হয়নি।

(ঘ) ইটিপি'র ড্রইং, ডিজাইন, ক্যালকুলেশন ত্রুটিপূর্ণ।

১৯. **ব্রেনটেগ বাংলাদেশ ফর্মুলেশন লিমিটেড; মালিপাড়া, ভাওয়াল রাজবাড়ী, শ্রীপুর, গাজীপুর** (শিল্প/প্রকল্প কার্যক্রম: লেদার ইন্ডাস্ট্রির জন্য ওয়েটিং এজেন্ট (নিসাপল ইএফ) ও ব্যাটিং এজেন্ট (নিসাবেট) এর ফর্মুলেশন): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র, পরিদর্শন প্রতিবেদন এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত ও অন্যান্য কাগজপত্র সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, আলোচ্য প্রকল্পের অনুকূলে নিম্নবর্ণিত তথ্য দাখিলের জন্য সদর দপ্তর থেকে উদ্যোক্তা বরাবরে পত্র প্রেরণের সুপারিশ গৃহীত হয়:

(ক) ইটিপির তরল বর্জ্যের (পরিশোধনপূর্ব ও পরিশোধনোত্তর) গুণগতমান (pH, Color, BOD_5, COD ও SS) পরীক্ষার ফলাফল দাখিল করতে হবে।

২০. **বাংলাদেশ এগ্রো সিরামিক কোম্পাননি; তেদীকুড়া, চারুয়াপাড়া, ধোবাউড়া, ময়মনসিংহ** (শিল্প/প্রকল্প কার্যক্রম: সাদা মাটি উত্তোলন): উদ্যোক্তা কর্তৃক ৫১৩তম সভার সিদ্ধান্তের আলোকে দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র, পরিদর্শন প্রতিবেদন এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনায় দেখা যায়, আলোচ্য প্রকল্পের অনুকূলে গত ১০/০৯/২০০৭ তারিখে পরিবেশগত ছাড়পত্রের জন্য আবেদন করেন। কিন্তু উদ্যোক্তা মহামান্য হাইকোর্টে রিট পিটিশন দায়ের করায় এবং রিট নিষ্পত্তি না হওয়া পর্যন্ত ছাড়পত্র প্রদান করা সম্ভব নয় মর্মে উদ্যোক্তাকে জানানো হয়। পরবর্তীতে গত ০৭/০৩/২০২৩ খ্রি: তারিখে মহামান্য হাইকোর্টে উক্ত রিট খারিজ হয়ে যায়। পরবর্তীতে উদ্যোক্তা গত ২৩/০৯/২০২৪ তারিখে পরিবেশগত ছাড়পত্রের জন্য পুনরায় পরিবেশগত ছাড়পত্রের জন্য আবেদন করেন। উদ্যোক্তা পুনরায় মহামান্য হাইকোর্টে রীট পিটিশন দায়ের করলে মহামান্য হাইকোর্ট তিন মাসের মধ্যে ছাড়পত্রের আবেদন নিষ্পত্তির জন্য আদেশ জারী করেন। তৎপ্রেক্ষিতে ময়মনসিংহ জেলা কার্যালয় কর্তৃক প্রকল্পস্থল পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে পরিলক্ষিত হয় যে, প্রকল্প এলাকাটির জমি টিলাবাড়ি শ্রেণিভুক্ত। বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৭ অনুযায়ী টিলা শ্রেণিভুক্ত প্রকল্পের অনুকূলে পরিবেশগত ছাড়পত্র প্রদানের কোনো সুযোগ নেই। এমতাবস্থায় উদ্যোক্তার পরিবেশগত ছাড়পত্রের আবেদন **নামঞ্জুরের** সুপারিশ গৃহীত হয়। বিষয়টি ময়মনসিংহ জেলা কার্যালয় থেকে উদ্যোক্তা বরাবরে পত্র প্রেরণের মাধ্যমে অবহিত করতে হবে।

২১. **ইন্টারলিংক ইন্টারন্যাশনাল; চাপাল, গোদাগাড়ী, রাজশাহী** (শিল্প/প্রকল্প কার্যক্রম: কম্পোস্টেবল শপিং ব্যাগ প্রস্তুত): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র, পরিদর্শন প্রতিবেদন এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত ও অন্যান্য কাগজপত্র সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, আলোচ্য প্রকল্পের অনুকূলে নিম্নবর্ণিত তথ্য/ প্রস্তাবনা দাখিলের জন্য রাজশাহী জেলা কার্যালয় থেকে উদ্যোক্তা বরাবরে পত্র প্রেরণের সুপারিশ গৃহীত হয়:

(ক) আলোচ্য কারখানার উৎপাদিত শপিং ব্যাগ কম্পোস্টেবল কি-না সে বিষয়ে প্রমাণক দাখিল করতে হবে।

২২. **জিন ওয়ান স্টোরেজ লিমিটেড; ফুলবাড়িয়া, পারুলিয়া, পলাশ, নরসিংদী** (শিল্প/প্রকল্প কার্যক্রম: লেড এসিড ব্যাটারি প্রস্তুত): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র, আইইই চেকলিস্ট, পরিদর্শন প্রতিবেদন, সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত এবং পরিবেশগত ছাড়পত্র কমিটির ৫২১ তম সভার সিদ্ধান্তের আলোকে কমিটি কর্তৃক উক্ত কারখানাটি সরজমিন পরিদর্শনে প্রাপ্ত তথ্য সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, আলোচ্য কারখানাটির ৫০০ মিটার দূরত্বের মধ্যে ১০০ টির অধিক আবাসিক বাড়িঘরসহ একটি সরকারি প্রাথমিক বিদ্যালয় ও একটি মাদ্রাসা রয়েছে। এছাড়াও আলোচ্য কারখানার তরল বর্জ্য অপসারণের জন্য কোন ড্রেনেজ ব্যবস্থাও না থাকায় আশেপাশের কৃষিজমি বিভিন্নভাবে ক্ষতিগ্রস্ত হচ্ছে। এমতাবস্থায়, পরিবেশ সংরক্ষণ বিধিমালা ২০২৩-এর তফসিল-৯ অনুযায়ী অবস্থান গ্রহণযোগ্য হিসেবে বিবেচিত না হওয়ায় উদ্যোক্তার পরিবেশগত ছাড়পত্রের আবেদন **নামঞ্জুরের** সুপারিশ গৃহীত হয়। বিষয়টি নরসিংদী জেলা কার্যালয় থেকে উদ্যোক্তা বরাবরে পত্র প্রেরণের মাধ্যমে অবহিত করতে হবে।

(ঞ) সুপারিশবিহীন ইআইএ-র কার্যপরিধি (ToR)

১. **Proposed Mining Lease Area for Mineral Sands Covering (Block A) 630 Hectares & (Block B) 255 Hectares under Alatuli Char, Chapainawabganj Sadar Upazila, Chapainawabganj** (শিল্প/প্রকল্প কার্যক্রম: খনিজ বালু উত্তোলন): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র, ইআইএ-র কার্যপরিধি (ToR) ও অন্যান্য কাগজপত্র সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, আলোচ্য প্রকল্পের অনুকূলে দাখিলকৃত ইআইএ-র কার্যপরিধি (ToR) পরিবেশ সংরক্ষণ বিধিমালা ২০২৩-এর তফসিল-১০ অনুযায়ী প্রণীত না হওয়ায় নিম্নবর্ণিত তথ্য দাখিলের জন্য সদর দপ্তর থেকে উদ্যোক্তা বরাবরে পত্র প্রেরণের সুপারিশ গৃহীত হয়:

(ক) পরিবেশ সংরক্ষণ বিধিমালা ২০২৩-এর তফসিল-১০ অনুযায়ী ইআইএ-র কার্যপরিধি (ToR);

(খ) ইআইএ প্রতিবেদন প্রণয়নে সমীক্ষাদলে সমীক্ষার অধিক্ষেত্র, ঘোষণা (স্বাক্ষর)সহ Multidisciplinary Expert প্রয়োজন।

